# সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

স্থাপিত ঃ ১৯৮৪ খ্রি.

রেজিস্ট্রেশন - ঢ-০১৯৩৮/১৯৮৬

# সংশোধিত গঠনতন্ত্র - ২০২১

(একটি সামাজিক, সাংস্কৃতিক ও জনকল্যাণমূলক অরাজনৈতিক সংগঠন।)

## প্রকাশকাল


| | | |
|---|---|---|
| প্রথম প্রকাশ | : | ২১ ডিসেম্বর ১৯৮৪ |
| দ্বিতীয় প্রকাশ (সংশোধিত আকারে) | : | ১৯৯২ |
| তৃতীয় প্রকাশ (সংশোধিত - ২০২১) | : | ১৪ জানুয়ারি ২০২২ |

# সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা।

**রেজিঃ নং ঢ - ০১৯৩৮/৮৬**

**<u>সংশোধীত গঠনতন্ত্র -২০২১</u>**



## মুখবন্ধ

জীবন-জীবিকা, শিক্ষা ও কর্মজীবনের প্রয়োজনে নিজ জন্মভূমি সিরাজগঞ্জ জেলার বিভিন্ন জনপদ থেকে এসে ঢাকা ও বৃহত্তর ঢাকা জেলার উপকণ্ঠে যারা বসবাস করছেন তাদের মধ্যে পারস্পারিক যোগাযোগ, একতা, পরস্পরের মধ্যে ভ্রাতৃত্ববোধ, সৌহার্দ্য, সম্প্রীতি, সহযোগিতা ও সহমর্মিতার দৃঢ় বন্ধন সৃষ্টি করা এবং ঢাকায় বসবাসকারী সিরাজগঞ্জবাসীর কল্যাণ ও নিজ জেলা সিরাজগঞ্জের উন্নয়নে সর্ব প্রকার সহযোগিতা এবং সমষ্টিগত সামাজিক দায়বদ্ধতা পালন করার মহৎ উদ্দেশ্যে ১৯৮৪ সালের ২১ ফেব্রুয়ারি গঠিত হয় **"সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা"**।

অতঃপর উল্লিখিত লক্ষ্য বাস্তবায়নে গঠনতন্ত্র প্রণয়নের জন্য ০২/০৪/১৯৮৪ তারিখে ব্যারিস্টার মোহাম্মদ রওশন আলী (মরহুম) - এর নেতৃত্বে ৭ (সাত) সদস্য বিশিষ্ট গঠনতন্ত্র প্রণয়ন কমিটি কর্তৃক প্রণীত "খসড়া গঠনতন্ত্র" আলোচনার মাধ্যমে প্রয়োজনীয় পরিবর্তন ও পরিমার্জন করে বিগত ১৯৮৪ সালের ২১ ডিসেম্বর সমিতির সাধারণ সভায় তা অনুমোদিত হয়।

পরবর্তীতে পরিবর্তিত প্রেক্ষাপট ও সময়ের চাহিদা অনুযায়ী সমিতির কর্মকান্ড পরিচালনার জন্য গঠনতন্ত্রে কিছু সংযোজন ও পরিমার্জন করে প্রয়োজনীয় সংশোধনী আনা হয় এবং বিগত ১৯৯২ সালের সাধারণ সভায় "সংশোধীত গঠনতন্ত্র -১৯৯২" উপস্থাপন করা হলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

এর পর দীর্ঘ পরিক্রমায় সমিতির সম্পৃক্ততা, বিস্তৃতি ও কর্মপরিধি আরও বৃদ্ধি পাওয়ায় পরিবর্তিত প্রেক্ষাপটে পুনরায় সংশোধনীর প্রয়োজনীয়তায় বর্তমান নির্বাহী পরিষদ গঠনতন্ত্র সংশোধনীর উদ্যোগ গ্রহণ করে। এ প্রক্রিয়ায় সমিতির "সংশোধীত গঠনতন্ত্র -১৯৯২" পুনঃ সংশোধনের জন্য "গঠনতন্ত্র সংশোধন উপকমিটি" গঠন এবং উক্ত উপকমিটি কর্তৃক প্রস্তাবিত সংশোধনী নির্বাহী পরিষদে আলোচনা, প্রস্তাবনা ও নির্বাহী পরিষদের প্রাপ্ত সিদ্ধান্তসমূহ মোতাবেক আইনী পরামর্শকের পরামর্শ সমন্বয়ে প্রস্তাবিত সংশোধনী সমূহ চুড়ান্ত করে "সংশোধীত গঠনতন্ত্র -২০২১" বিগত ১৪/০১/২০২২ তারিখের বার্ষিক সাধারণ সভা -২০২১ এ অনুমোদনের জন্য উপস্থাপন করা হলে তা সর্বসম্মতিতে অনুমোদিত হয়।

এমতবস্থায়, "সংশোধীত গঠনতন্ত্র -২০২১" নিয়মিত করণের নিমিত্তে ঢাকা জেলা সমাজসেবা অধিদফতরে পেশ করা হলো।

পরিক্ষীত

অনুমোদিত
20/9/22
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

তারিখঃ ঢাকা।
০৮/০৯/২০২২ খ্রিঃ

08/09/2022
ইঞ্জিনিয়ার সৈয়দ মনিরুজ্জামান
সাধারণ সম্পাদক,
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা।

# সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা।

**রেজিঃ নং ঢ - ০১১৯৩৮/৮৬**

**সংশোধীত গঠনতন্ত্র -২০২১**



## গঠনতন্ত্র সংশোধনী উপকমিটি -২০২১

| | | | |
|---|---|---|---|
| ১। | জনাব আলহাজ্ব এ, কে নুরুল হুদা মনি | : | আহবায়ক |
| ২। | জনাব বীর মুক্তিযোদ্ধা মোঃ আলী কবির হায়দার | : | যুগ্ম আহবায়ক |
| ৩। | জনাব মোঃ আনোয়ার হোসেন | : | সদস্য |
| ৪। | জনাব মোঃ শাহীন কামাল | : | সদস্য |
| ৫। | জনাব এস. এম. মাহবুব-উল-আলম | : | সদস্য |
| ৬। | জনাব নবী নেওয়াজ খান বিন | : | সদস্য |
| ৭। | জনাব জাহাঙ্গীর আলম বাশি | : | সদস্য |
| ৮। | জনাব সিরাজুল ইসলাম রনি | : | সদস্য |
| ৯। | জনাব মোঃ ফিরোজ আল আমিন | : | সদস্য |
| ১০। | জনাব জহুরুল ইসলাম (মিন্টন) | : | সদস্য |
| ১১। | জনাব মো: আব্দুল মজিদ | : | সদস্য |
| ১২। | জনাব বীর মুক্তিযোদ্ধা মো: আব্দুস সাত্তার | : | সদস্য |
| ১৩। | জনাব ডঃ আবু সাঈদ খান | : | সদস্য |
| ১৪। | জনাব কে. এম. নাজমুল হক প্রিন্স | : | সদস্য |
| ১৫। | জনাব ইঞ্জিনিয়ার এস.আর তালুকদার | : | সদস্য |
| ১৬। | জনাব ইঞ্জিনিয়ার সৈয়দ মনিরুজ্জামান | : | সদস্য |
| ১৭। | জনাব নাসিরউদ্দিন বাদল | : | সদস্য সচিব |

পরিক্ষীত

অনুমোদিত
২০/৯/2022
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

08/09/2022
ইঞ্জিনিয়ার সৈয়দ মনিরুজ্জামান
সাধারণ সম্পাদক
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

8.9.22
ইঞ্জিনিয়ার এস. আর তালুকদার
সভাপতি
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

# সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা।

**রেজিঃ নং ঢ - ০১৯৩৮/৮৬**

**সংশোধীত গঠনতন্ত্র -২০২১**



**১। নামকরণ:**

এই সমিতির নাম "**সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা**"। ইহা ঢাকা জেলা ও ইহার উপকণ্ঠে বসবাসকারী সিরাজগঞ্জ জেলার অধিবাসীবৃন্দের সমন্বয়ে গঠিত একটি প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত। ইহা সংক্ষেপে "**সিরাজগঞ্জ সমিতি**" নামে উল্লিখিত। "সমিতি ভূক্ত এলাকা" বলিতে ঢাকা জেলা ও ইহার উপকণ্ঠের এলাকাসমূহকে বুঝাইবে।

**২। প্রতিষ্ঠানিক মর্যাদা:**

এই সমিতি একটি সামাজিক, সাংস্কৃতিক ও জনকল্যাণমূলক অরাজনৈতিক সংগঠন হিসেবে প্রতিষ্ঠিত।

**৩। রেজিষ্ট্রেশন:**

স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংস্থা সমূহ নিবন্ধন ও নিয়ন্ত্রন অধ্যাদেশ ১৯৬১ ও বিধি ১৯৬২ এর আলোকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা হইতে স্বেচ্ছাসেবী সমাজ কল্যাণ প্রতিষ্ঠান হিসেবে এই সংগঠন নিবন্ধিত হইয়াছে। ইহার এই প্রতিষ্ঠান - এর **নিবন্ধিত নম্বর ঢ - ০১৯৩৮/৮৬**।

**৪। প্রধান কার্যালয়:**

সমিতির কার্যালয় ঢাকাস্থ মিরপুর হাউজিং এস্টেট, সেকশন-২, প্লট নং-৬/৩ নিজস্ব ভূমিতে নির্মিত "**সিরাজগঞ্জ ভবন**" এ অবস্থিত।

**৫। লক্ষ্য ও উদ্দেশ্য:**

এই সমিতির লক্ষ্য ও উদ্দেশ্য হইবে নিম্নরূপ (সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে)

**ক)** সমিতি ভুক্ত এলাকায় বসবাসকারী সিরাজগঞ্জ জেলার অধিবাসীবৃন্দের মধ্যে একতা, ভ্রাতৃত্ববোধ, সৌহার্দ্য, সম্প্রীতি, সহযোগিতা ও সহমর্মিতার দৃঢ় বন্ধনে আবদ্ধ করার প্রচেষ্টা গ্রহণ করা এবং পারস্পরিক সহানুভূতি বৃদ্ধি করা।

**খ)** সিরাজগঞ্জ জেলা এবং সমিতি ভুক্ত এলাকার সিরাজগঞ্জবাসীর সুখ-দুঃখ, আনন্দ-বেদনা, সাফল্য গর্বে সংহতি প্রকাশ করা সহ সিরাজগঞ্জবাসীর কল্যাণ ও উন্নয়নে সর্বপ্রকার সাহায্য সহযোগিতা এবং সমষ্টিগত সামাজিক দায়বদ্ধতা পালন করা ।

**গ)** সিরাজগঞ্জ জেলার দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের আর্থিক অনুদান দেওয়ার ব্যবস্থা করত উচ্চ শিক্ষায় উৎসাহিত করে কল্যাণ সাধন করা।

**ঘ)** সিরাজগঞ্জ জেলার বিপন্ন, অভাবগ্রস্থ, গরীব ও অসুস্থ ব্যক্তিদের সম্ভাব্য আর্থিক সাহায্য ও সহযোগিতা প্রদান করা।

**ঙ)** সিরাজগঞ্জ জেলায় ও সমিতিভুক্ত এলাকায় বসবাসকারী নিঃস্ব, নিঃসহায় ও কপর্দকহীন মৃত ব্যক্তির দাফন/সৎকার সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করা।

**চ)** সিরাজগঞ্জ জেলা হইতে চিকিৎসা সেবা গ্রহণ করিতে আসা অসহায়, দুস্থ ও চিকিৎসা ব্যয় বহনে অসমর্থ রোগীদের চিকিৎসা সেবায় সহযোগিতার ব্যবস্থা গ্রহণ করা।

**ছ)** সিরাজগঞ্জ জেলা হইতে আগত সাহায্যপ্রার্থী বিপদগ্রস্থ ব্যক্তিদেরকে প্রয়োজনীয় আর্থিক ও মানবিক সাহায্য সহযোগিতা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা।

**জ)** বাংলাদেশের বিশেষ করিয়া সিরাজগঞ্জ জেলার দুর্ভিক্ষ, বন্যা, ভূমিকম্প, মহামারী এবং অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের সময় ক্ষতিগ্রস্থদেরকে সাহায্য করার জন্য "**আপদকালীন তহবিল**" গঠনের ব্যবস্থা গ্রহন করতঃ আর্থিক ও মানবিক সাহায্যের উদ্যোগ গ্রহণ করা।

**ঝ)** সিরাজগঞ্জ জনপদের দুঃখ-দুর্দশা ও দুর্ভোগ লাঘব এবং সর্বসাধারণের মৌলিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়সমূহ আইন সংগত উপায়ে সমাধানে কর্তৃপক্ষের দৃষ্টিগোচর করার উদ্যোগ গ্রহণ করা।

**ঞ)** সিরাজগঞ্জ জনপদের ধর্ম, সংস্কৃতি, কৃষ্টি, সামাজিক ও সাংস্কৃতিক ঐতিহ্যের বিষয় সমূহকে লালন করিয়া এর সার্বিক উন্নয়ন সাধনকল্পে উদ্যোগ গ্রহণ করা।

**ট)** বর্ষবরণ, বনভোজন ও অন্যান্য সামাজিক অনুষ্ঠানের আয়োজন করা এবং বরেণ্য ব্যক্তিবর্গের সম্বার্ধনা ও সম্মাননা প্রদান করার ব্যবস্থা গ্রহণ করা।

পরিক্ষীত

অনুমোদিত
২০/৭/২২
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা

০৬/০৭/২০২২

**ইঞ্জিনিয়ার সৈয়দ মনিরুজ্জামান**
**সাধারণ সম্পাদক**
**সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা**

8.9.22

**ইঞ্জিনিয়ার এস. আর তালুকদার**
**সভাপতি**
**সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা**

**ঠ)** প্রয়াত বরেণ্য ব্যক্তিবর্গের স্মরণে দোয়া মাহফিল/শোকসভার ব্যবস্থা গ্রহণ করা।

**ড)** ঢাকায় সিরাজগঞ্জ সমিতির নিজস্ব ভূমিতে নির্মিত "**সিরাজগঞ্জ ভবন**" কে কেন্দ্র করিয়া সমিতির সকল প্রকার সামাজিক, সাংস্কৃতিক, সাংগঠনিক ও উন্নয়নমূলক কর্মকান্ড পরিচালনার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহন করা।

**ঢ)** সমিতির "**সিরাজগঞ্জ ভবন**"-এ লাইব্রেরী প্রতিষ্ঠিত করা, সিরাজগঞ্জের বিশিষ্ট শিক্ষাবিদ, লেখক, কবি, সাহিত্যিকদের প্রকাশিত বই সংগ্রহ করা সহ দেশ-বিদেশের বিভিন্ন বিষয়ে প্রকাশিত সংরক্ষণযোগ্য বই সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করা।

**ণ)** সিরাজগঞ্জের কর্মক্ষম মানুষের দক্ষতা উন্নয়নের নিমিত্তে প্রয়োজনীয় কারিগরী প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহন করা, দুঃস্থ মহিলাদের সাহায্য করা এবং তাদের শিক্ষার উন্নতি সাধনে উদ্যোগ গ্রহণ করা।

**ত)** ক্রয়, বন্ধক, ভাড়ার মাধ্যমে স্থাবর, অস্থাবর সম্পত্তির অধিকারী হওয়া এবং অধিকৃত সম্পত্তি বিক্রয়, বন্ধক, ভাড়া, উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধনের মাধ্যমে সমিতির আয় বৃদ্ধির ব্যবস্থা করা।

**থ)** সমিতির নিজস্ব "সিরাজগঞ্জ ভবন" বা অনুরূপ ভবন বা স্থাপনার ভাড়া দেওয়াযোগ্য স্থান ভাড়া দেওয়া বা নিজস্ব ব্যবস্থাপনায় আইন সংগত ব্যবসা পরিচালনা করিবার ব্যবস্থা গ্রহণ করা।

**দ)** সিরাজগঞ্জ জেলার সকল অধিবাসীদের মধ্যে (বাংলাদেশের অভ্যন্তরে ও বর্হিবিশ্বে) সমিতির লক্ষ্য ও উদ্দেশ্য বিস্তার এবং অনুশীলন করার প্রয়াসে স্ব-স্ব এলাকায় গঠিত "সিরাজগঞ্জ সমিতি" নামে অনুরুপ সমিতি সমূহের সাথে যোগাযোগের উদ্যোগ গ্রহণ করা, পারস্পারিক সকল প্রকার সাহায্য-সহযোগিতা করা এবং ঐ সকল সমিতি সমুহকে "**সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা**" -এর সংশ্লিষ্ট **(এফিলিয়েটেড)** সমিতি হিসেবে অন্তর্ভুক্তিকরণের উদ্যোগ গ্রহণ করা।

**ধ)** সমিতি মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী অসাম্প্রদায়িক কল্যাণকর সামাজিক ও সংস্কৃতিকে ধারণ ও লালন করিবে। এই চেতনা বাস্তবায়নের লক্ষে সিরাজগঞ্জ জেলার অধিবাসীদের মধ্যে ঐক্য স্থাপন এবং সামাজিক ও সাংস্কৃতিক কর্মকান্ডে এর প্রতিফলন ঘটানোর প্রয়াসে কাজ করা। মুক্তিযুদ্ধে সিরাজগঞ্জের অবদানকে দেশ ও সারা বিশ্বে তুলিয়া ধরিবার জন্য উদ্যোগ গ্রহন করা।

### ৬। সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা -এর জীবন সদস্য:

ঢাকা জেলা ও এর উপকন্ঠে বসবাসকারী সিরাজগঞ্জ জেলার অধিবাসীদের মধ্য হইতে যে কোন পেশাজীবি ব্যক্তি যাহার বয়স আঠারো বৎসর বা তদুর্দ্ধ এবং যিনি এই সমিতির আদর্শ, উদ্দেশ্য, লক্ষ্য ও কর্মসূচির প্রতি আস্থা স্থাপন করিয়া গঠনতন্ত্র মানিয়া চলিতে রাজি আছেন তিনি এই সমিতির "**জীবন সদস্য**" হইবার জন্য আবেদন করিতে উপযুক্ত বিবেচিত হইবেন।

### ক) জীবন সদস্য হওয়ার আবেদন ও অনুমোদন:

সমিতি নির্ধারিত **জীবন সদস্য** ফি এবং তৎসঙ্গে প্রয়োজনীয় তথ্যাদি সহ নির্ধারিত ফরমে সমিতির সভাপতি বরাবরে আবেদন করিলে সভাপতি মহোদয় তাহা "**জীবন সদস্য করণ উপ-কমিটি**" বরাবরে প্ররণ করিবেন। উক্ত উপ-কমিটি কর্তৃক যাচাই বাছাই করিয়া অনুমোদন করার পক্ষে বিবেচিত হইলে আবেদন মতামত ও সুপারিশ সহ সাধারণ সম্পাদকে প্রদান করিবে। সাধারণ সম্পাদক নির্বাহী পরিষদের সভায় উপস্থাপন করিবেন। নির্বাহী পরিষদ কর্তৃক আবেদন অনুমোদনের জন্য মনোনীত হইলে উক্ত সুপারিশের ভিত্তিতে সভাপতি মহোদয় কর্তৃক অনুমোদিত হইলে আবেদনকারী **জীবন সদস্য** হইবেন।

### খ) জীবন সদস্যদের অধিকার ও দায়িত্ব:

জীবন সদস্যগণ সমিতির সাধারণ কর্মকান্ডে অংশগ্রহণ করিতে পারিবেন, ভোটাধিকারের ক্ষমতা পাইবেন এবং নির্বাহী পরিষদের নির্বাচনে অংশগ্রহণ করিতে পারিবেন। সমিতির আদর্শ, উদ্দেশ্য, লক্ষ্য ও কর্মসূচী বাস্তবায়নে নীতি ও সিদ্ধান্ত গ্রহণে সংশ্লিষ্ট সভায় উপস্থিত থাকিয়া যথাযথভাবে আলোচনায় অংশগ্রহণ করা, সভায় বন্ধুসুলভ উপস্থাপনা ও গঠনমূলক বক্তব্য প্রদান, মতামত প্রদান কিংবা প্রস্তাব ও আবেদন পেশ করা জীবন সদস্যদের অধিকারের অন্তর্ভুক্ত। কোন সদস্যই নীতি, নৈতিকতা বা শিষ্টাচার বহির্ভূত কোন রকম কোন আচরণ করিতে পারিবেন না।

### গ) জীবন সদস্য ফি:

সমিতির জীবন সদস্য ফি এককালীন টাকা ২,০০০.০০ (দুই হাজার) ধার্য করা হইল। নির্বাহী পরিষদের সভায় সংখ্যাগরিষ্ঠ ভোটে এই ফি পুনঃনির্ধারণ করা যাইবে।

পরিক্ষীত

অনুমোদিত
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

ইঞ্জিনিয়ার সৈয়দ মনিরুজ্জামান
সাধারণ সম্পাদক
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

ইঞ্জিনিয়ার এস. আর তালুকদার
সভাপতি
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

**ঘ) সম্মানী জীবন সদস্য:**

সিরাজগঞ্জ জেলার কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ সিরাজগঞ্জ সমিতির/সিরাজগঞ্জ জেলার/দেশের জন্য বিশেষ উল্লেখযোগ্য/গুরুত্বপূর্ণ/গৌরবোজ্জ্বল কার্য সম্পাদন করিলে কিংবা অবদান রাখিলে তাঁহাকে বা তাঁহাদিগকে নির্বাহী পরিষদ সমিতির পক্ষ হইতে বিশেষ ব্যক্তিত্বের জন্য "**সম্মানী জীবন সদস্য**" করিতে পারিবেন। **সম্মানী জীবন সদস্য** সমিতির কোন নির্বাচনে কিংবা কোন সভায় কোন সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষত্রে ভোট প্রদান করিতে পারিবেন না।

**ঙ) সমিতির শৃঙ্খলা ও আচারনবিধি:**

কোন সদস্য কাহারো সাথে অসাদাচরণ বা অসৌজন্যমূলক ব্যবহার করিলে সভাপতি তাৎক্ষনিকভাবে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন। এছাড়াও সমিতির আদর্শ, উদ্দেশ্য, লক্ষ্য ও কর্মসূচি বা সমিতির স্বার্থ বিরোধী বা সিদ্ধান্তের পরিপন্থি কোনো কাজ করিলে বা এই ধরনের কোন কাজে কাহাকেও প্ররোচিত বা সহায়তা করিলে কিংবা সমিতির তহবিল বা অর্থ তসরুপ বা সমিতির কোনো সম্পদ আত্মসাৎ কিংবা নস্ট করিলে তাহা সমিতির আদর্শ পরিপন্থি আচরণ ও শৃঙ্খলা ভঙ্গ হিসেবে গণ্য হইবে। এই কারণে উক্ত সদস্যের বিরুদ্ধে অভিযোগের ভিত্তিতে সমিতির সভাপতি তাহার উপর ন্যস্ত ক্ষমতায় স্বয়ং কিংবা প্রয়োজনে নির্বাহী পরিষদের ৫ (পাঁচ) জন সদস্য সমন্বয়ে গঠিত সালিশী উপ-কমিটির মাধ্যমে অভিযুক্ত ব্যক্তির জীবন সদস্য পদ বাতিল প্রক্রিয়াকরণ সহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

**চ) সদস্য পদ বাতিল হওয়ার কারণ:**

নিম্নলিখিত কারণে জীবন সদস্য পদ বাতিল হইয়া যাইবে -

**(১)** সভাপতির নিকট কোন জীবন সদস্য নিজে তাহার সদস্য পদ বাতিল করার জন্য আবেদন করিলে।

**(২)** বাংলাদেশের যে কোন আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হইলে।

**(৩)** কোন মেডিক্যাল বোর্ড বা বিএমডিসির সনদপ্রাপ্ত ডাক্তার দ্বারা উন্মাদ/পাগল হিসেবে ঘোষিত হইলে।

**(৪)** সমিতির জন্য ক্ষতিকর কাজ করিলে অথবা সমিতির অর্থ আত্মসাৎ করিলে।

**(৫)** বাংলাদেশের যে কোন আদালত কর্তৃক সদস্য সাজা প্রাপ্ত হইলে।

**(৬)** আপন আচরন বা কার্যকলাপ দ্বারা সদস্য সমিতির সুনামহানি করিলে।

**(৭)** সমিতির কার্যালয়ে, সমিতির নির্বাহী পরিষদের সভায় অথবা সমিতির অন্য যে কোন অনুষ্ঠানে অসদাচরন করিলে কিংবা কাহাকেও অসদাচরনে প্রভাবিত করিলে।

**(৮)** সভাপতি অথবা সাধারণ সম্পাদক কে যথার্থ কারণ অবহিত না করিয়া পর পর ৩ (তিন) টি সভায় অনুপস্থিত থাকিলে।

**(৯)** রাষ্ট্রবিরোধী কোন কর্মকান্ডে লিপ্ত থাকিলে।

**(১০)** এই সমিতির বেতনভুক্ত চাকুরী গ্রহণ করিলে।

**(১১)** মৃত্যুবরণ করিলে।

**(১২)** সমিতির গঠনতন্ত্র পরিপন্থী কোন কার্য করিলে ।

**ছ) সদস্য পদ বাতিলের পর পুনরায় সদস্য হওয়ার নিয়মাবলী এবং যোগ্যতা অর্জন:**

**(১)** নির্বাহী পরিষদের সভাপতির নিকট যে জীবন সদস্য নিজে তাঁহার সদস্য পদ বাতিলের জন্য আবেদন করিয়াছিলেন তিনি পুণরায় জীবন সদস্য হওয়ার জন্য নির্ধারিত ফি জমা সহ আবেদন করিলে এবং নির্বাহী পরিষদ কর্তৃক তাহাঁর উক্ত আবেদন অনুমোদিত হইলে তিনি পুণরায় জীবন সদস্য হইতে পরিবেন।

**(২)** বাংলাদেশের কোন আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হওয়ার কারণে যিনি সদস্য পদ হারাইয়াছিলেন তিনি আদালত কর্তৃক আবার উক্ত ঘোষণা হইতে অব্যাহতি পাওয়ার পর পুণরায় সদস্য হওয়ার জন্য আবেদন করিলে এবং নির্বাহী পরিষদ কর্তৃক উক্ত আবেদন অনুমোদিত হইলে তিনি পুণরায় সদস্য হইতে পারিবেন।

অনুমোদিত
20/7/22
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

05/07/2022
ইঞ্জিনিয়ার সৈয়দ মনিরুজ্জামান
সাধারণ সম্পাদক
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

8.9.22
ইঞ্জিনিয়ার এস. আর তালুকদার
সভাপতি
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

**(৩)** মেডিক্যাল বোর্ড বা বিএমডিসির সনদপ্রাপ্ত ডাক্তার দ্বারা যে সদস্য উন্মাদ/পাগল ঘোষিত হইয়া জীবন সদস্য পদ হারাইয়াছিলেন তিনি মেডিক্যাল বোর্ড বা বিএমডিসির সনদপ্রাপ্ত ডাক্তার দ্বারা আবার সুস্থ ঘোষিত হইবার পর পুণরায় জীবন সদস্য হওয়ার জন্য আবেদন করিলে এবং নির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত হইলে পুণরায় জীবন সদস্য হইতে পারিবেন।

**(৪)** বাংলাদেশের কোন আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হইবার কারণে যাহার জীবন সদস্য পদ বাতিল করা হইয়াছিল তিনি উচ্চতর আদালতের মাধ্যমে উক্ত সাজা হইতে অব্যাহতি পাওয়ার পর পুণরায় জীবন সদস্য হওয়ার জন্য আবেদন করিলে এবং নির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত হইলে তিনি পুণরায় জীবন সদস্য হইতে পারিবেন।

**(৫)** অন্য কোন কারণে কাহারো জীবন সদস্য বাতিল হইলে তিনি পুণরায় জীবন সদস্য হওয়ার জন্য আবেদন করিলে তাহার জীবন সদস্য পদ পুনর্বহাল করার বিষয়টি নির্বাহী পরিষদে উত্থাপিত হইবে। নির্বাহী পরিষদ কর্তৃক আবেদন অনুমোদিত হইলে তিনি পুণরায় জীবন সদস্য হইতে পারিবেন।

**জ) জীবন সদস্যের বিরুদ্ধে অভিযোগের প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ:**

গঠনতন্ত্রে বর্ণিত নাই এমন কোন কারণে কোন জীবন সদস্যের বিরুদ্ধে কেহ কোন অভিযোগ করার প্রয়োজন অনুভব করিলে তিনি নির্বাহী পরিষদের সভাপতির নিকট লিখিতভাবে কারণ উল্লেখপূর্বক দরখাস্ত করিবেন। সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে সাধারণ সম্পাদক দাখিলকৃত অভিযোগ নির্বাহী পরিষদের সভায় উপস্থাপন করিলে, বিষয়টি তদন্ত ও শুনানি জন্য নির্বাহী পরিষদ উপদেষ্টা মন্ডলীর মধ্য হইতে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি সালিশী কমিটি গঠন করিবেন। এই সালিশী কমিটি তাহাঁদের প্রণীত তদন্ত প্রতিবেদন সভাপতি মহোদয়ের পরবর্তী নিকট দাখিল করিবেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সাধারণ সম্পাদক তদন্ত প্রতিবেদনটি নির্বাহী পরিষদের পরবর্তী সভায় উপস্থাপন করিয়া নির্বাহী পরিষদের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

## ৭। প্রধান পৃষ্ঠপোষক এবং উপদেষ্টা পরিষদ:

### ক) প্রধান পৃষ্ঠপোষক:

সিরাজগঞ্জ জেলা হইতে যিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রীসভায় অধিষ্ঠিত থাকিবেন তিনি পদাধিকারবলে এই সমিতির প্রধান পৃষ্ঠপোষক হইবেন। মন্ত্রীসভায় সিরাজগঞ্জ জেলা হইতে একাধিক মন্ত্রী থাকিলে প্রকাশিত প্রজ্ঞাপনে মন্ত্রী পরিষদের তালিকায় ক্রমানুসারে জ্যেষ্ঠ স্থানে যিনি অবস্থান করিবেন তিনি পদাধিকার বলে এই সমিতির প্রধান পৃষ্ঠপোষক হইবেন। মন্ত্রী পর্যায়ে কেহ না থাকিলে মন্ত্রী পদ মর্যদায় অথবা সাংবিধানিক পদে যিনি অধিষ্ঠ থাকিবেন তিনি এই সমিতির প্রধান পৃষ্ঠপোষক হইবেন। উপরোক্ত পদ সমূহের কোন পদে কেহই না থাকিলে নির্বাহী পরিষদ সিরাজগঞ্জ জেলার মাননীয় সাংসদবৃন্দের মধ্যে হইতে প্রধান পৃষ্ঠপোষক মনোনীত করিবেন।

### খ) উপদেষ্টা পরিষদ:

সিরাজগঞ্জ জেলা সমিতির সমস্ত কার্যাবলী সুষ্ঠভাবে সম্পন্নকল্পে প্রয়োজনবোধে পরামর্শ প্রদানের নিমিত্তে সিরাজগঞ্জ জেলা হইতে নির্বাচিত মাননীয় সংসদ সদস্যগণ ও সংরক্ষিত আসনের মাননীয় মহিলা সংসদ সদস্যগণ এবং সমিতভুক্ত এলাকায় বসবাসকারী জীবন সদস্যদের মধ্য হইতে বিশিষ্ট ব্যক্তিবর্গ সমন্বয়ে মোট ২১ (একুশ) সদস্য বিশিষ্ট একটি **উপদেষ্টা পরিষদ** গঠিত হইবে। মাননীয় সংসদ সদস্যগণ পদাধিকার বলে উক্ত উপদেষ্টা পরিষদের সদস্য থাকিবেন। জেলা পরিষদ, উপজেলা পরিষদের চেয়ারম্যান এবং পৌরসভার মেয়র এই উপদেষ্টা পরিষদের অলংকৃত সদস্য হিসাবে গণ্য হইবেন।

### গ) উপদেষ্টা পরিষদ গঠন ও মেয়াদ:

নির্বাহী পরিষদ নির্বাচিত হইয়া অভিসিক্ত হওয়ার ২ (দুই) মাসের মধ্যে গঠনতন্ত্র মোতাবেক উপদেষ্টা পরিষদ গঠন করিবেন। উপদেষ্টা পরিষদের মেয়াদকাল পরবর্তী নির্বাহী পরিষদ কর্তৃক পুনরায় উপদেষ্টা পরিষদ গঠিত না হওয়া পর্যন্ত বহাল থাকিবে।

| | | |
|---|---|---|
| ইঞ্জিনিয়ার সৈয়দ মনিরুজ্জামান<br>সাধারণ সম্পাদক<br>সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা | অনুমোদিত<br>নিবন্ধীকরন কর্তৃপক্ষ<br>স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)<br>জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা। | ইঞ্জিনিয়ার এস. আর তালুকদার<br>সভাপতি<br>সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা |

**ঘ) উপদেষ্টা পরিষদের সভা:**

সমিতির বিশেষ প্রয়োজনে উপদেশ নেওয়ার প্রয়োজনীয়তায় প্রধান পৃষ্টপোষকের সদয় সম্মতি গ্রহণ করিয়া উপদেষ্টা পরিষদের সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা যাইবে। এই সভা সমিতির সভাপতির অনুমতিক্রমে সমিতির সাধারণ সম্পাদক আহবান করিবেন এবং তিনি এই সভা পরিচালনা করিবেন।

**৮। নির্বাহী পরিষদ:**

**ক)** সমিতির কার্যসমূহ পরিচালনার দ্বায়িত্ব নির্বাহী পরিষদের উপর ন্যস্ত থাকিবে। নিম্নবর্ণিত ৫১ (একান্ন) জন সদস্য লইয়া নির্বাহী পরিষদ গঠিত হইবে।

| ক্রমিক | পদের নাম | পদ সংখ্যা | ক্রমিক | পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১। | সভাপতি | ১ জন | ১৮। | আইন ও শৃঙ্খলা সম্পাদক | ১ জন |
| ২। | জ্যেষ্ঠ সহ সভাপতি | ১ জন | ১৯। | সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক | ১ জন |
| ৩। | সহ সভাপতি – ১ | ১ জন | ২০। | ক্রীড়া সম্পাদক | ১ জন |
| ৪। | সহ সভাপতি – ২ | ১ জন | ২১। | মহিলা সম্পাদক | ১ জন |
| ৫। | সহ সভাপতি – ৩ | ১ জন | ২২। | সহ মহিলা সম্পাদক | ১ জন |
| ৬। | সহ সভাপতি – ৪ | ১ জন | ২৩। | লাইব্রেরি সম্পাদক | ১ জন |
| ৭। | সাধারণ সম্পাদক | ১ জন | ২৪। | বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি সম্পাদক | ১ জন |
| ৮। | যুগ্ম সাধারণ সম্পাদক – ১ | ১ জন | ২৫। | ছাত্র কল্যাণ সম্পাদক | ১ জন |
| ৯। | যুগ্ম সাধারণ সম্পাদক – ২ | ১ জন | ২৬। | মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা সম্পাদক | ১ জন |
| ১০। | অর্থ সম্পাদক | ১ জন | ২৭। | মানবসম্পদ উন্নয়ন সম্পাদক | ১ জন |
| ১১। | সহ অর্থ সম্পাদক | ১ জন | ২৮। | সমাজকল্যাণ সম্পাদক | ১ জন |
| ১২। | সাংগঠনিক সম্পাদক | ১ জন | ২৯। | ত্রাণ ও পূর্নবাসন সম্পাদক | ১ জন |
| ১৩। | সহ সাংগঠনিক সম্পাদক | ১ জন | ৩০। | সহ ত্রাণ ও পূর্নবাসন সম্পাদক | ১ জন |
| ১৪। | প্রচার ও প্রকাশনা সম্পাদক | ১ জন | ৩১। | নির্বাহী সদস্য (পদাধিকার বলে) (সদ্য প্রাক্তন সভাপতি) | ১ জন |
| ১৫। | সহ প্রচার ও প্রকাশনা সম্পাদক | ১ জন | ৩২। | নির্বাহী সদস্য (পদাধিকার বলে) (সদ্য প্রাক্তন সাধারণ সম্পাদক) | ১ জন |
| ১৬। | দপ্তর সম্পাদক | ১ জন | ৩৩। | নির্বাহী সদস্য (জেলা ভিত্তিক) (সমগ্র জেলা হইতে মোট ১০ জন) | ১০ জন |
| ১৭। | সহ দপ্তর সম্পাদক | ১ জন | ৩৪। | নির্বাহী সদস্য (উপজেলা ভিত্তিক) (প্রতি উপজেলা হইতে ১ জন) | ৯ জন |
| **সর্ব মোট ৫১ (একান্ন) জন** | | | | | |

**খ) নির্বাহী পরিষদের সদস্য পদে নির্বাচন ও কার্যকাল:**

সমিতির নির্বাহী পরিষদের উপরোক্ত পদ সমূহে বর্ণিত সদস্যগণ জীবন সদস্যদের ভোটে কিংবা এই গঠনতন্ত্রে বর্ণিত/উল্লেখিত নিয়মে নির্বাচিত হইবেন। নির্বাহী পরিষদের কার্যকাল হইবে ৩ (তিন) বছর। তবে দৈবিক কোনো জরুরী পরিস্থিতির কারণে নির্বাহী পরিষদের মেয়াদকাল বর্ধিত করণের প্রয়োজনীয়তা দেখা দিলে নির্বাহী পরিষদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের ভোটের ভিত্তিতে এই মেয়াদকাল সর্বোচ্চ ৩ (তিন) মাস বর্ধিত করা যাইবে। নির্বাহী পরিষদের মেয়াদকাল বর্ধিত করণের এই সিদ্ধান্ত সাধারণ সম্পাদক পরবর্তী ৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিবন্ধীকরন কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

অনুমোদিত

২০/৭/২২

নিবন্ধীকরন কর্তৃপক্ষ

স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)

জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা

ইঞ্জিনিয়ার সৈয়দ মনিরুজ্জামান
সাধারণ সম্পাদক
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

ইঞ্জিনিয়ার এস. আর তালুকদার
সভাপতি
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

### গ) নীতি নির্ধারণী কমিটি:

সমিতির সুষ্ঠ ও সুচারুভাবে পরিচালনার কাজ সমূহ সহজীকরণে উপবিধি প্রণয়ন করিবার জন্য সভাপতি, জ্যেষ্ঠ সহ-সভাপতি, সহ-সভাপতিমন্ডলী, সাধারণ সম্পাদক, সদ্য প্রাক্তন সভাপতি ও সদ্য প্রাক্তন সাধারণ সম্পাদককের সমন্বয়ে একটি **নীতি নির্ধারণী কমিটি** থাকিবে। এই কমিটি সমিতির সার্বিক আয় ও ব্যয় করার প্রক্রিয়া ও অনুমোদনের বিষয়াদি, বিভিন্ন কাজের জন্য কমিটি/উপকমিটি গঠন বিষয়ে এবং সুস্থ ও সুন্দর পরিবেশে কাজ সম্পন্ন করার জন্য নিয়মতান্ত্রিক বিধি/উপবিধি প্রনয়ন করিবেন এবং তাহা পর্যবেক্ষণ করিয়া যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন। প্রণীত কোন বিধি/উপবিধি সমিতির গঠনতন্ত্রের পরিপন্থী হইলে তাহা পুনঃবিবেচনা করিয়া কমিটি প্রয়োজনীয় সংশোধন বা বাতিল করিবেন।

### ঘ) সম্পদ-ব্যবস্থাপনা কমিটি:

সমিতির স্থাবর-অস্থাবর সকল সম্পত্তির সুষ্ঠ ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষণাবেখণ করার জন্য **"সম্পদ ব্যবস্থাপনা কমিটি"** থাকিবে। সমিতির সভাপতি মহোদয় আহব্বায়ক এবং সদস্য-সচিব হিসেবে সাধারণ সম্পাদক পদাধিকার বলে এই কমিটির দ্বায়িত্ব পালন করিবেন। সমিতির জ্যেষ্ঠ সহ সভাপতি, সহ-সভাপতিগণ ও কার্যনির্বাহী সদস্যদের মধ্য হইতে ২ (দুই) জন সদস্য সহ মোট ৯ (নয়) সদস্য বিশিষ্ট এই কমিটিতে গৃহীত সিদ্ধান্ত সমূহ নির্বাহী পরিষদের পরবর্তী সভায় সাধারণ সম্পাদক অবহিত করিবেন। নির্বাহী পরিষদ নির্বাচিত হইয়া অভিসিক্ত হওয়ার ১ (এক) মাসের মধ্যে সম্পদ ব্যবস্থাপনা কমিটি গঠিত হইবে। এই কমিটির মেয়াদকাল নূতন নির্বাহী পরিষদ দ্বায়িত্ব গ্রহণ করিয়া পরবর্তী সম্পদ-ব্যবস্থাপনা কমিটি গঠন না করা পর্যন্ত বহাল থাকিবে। দৈবিক কোন কারণে নির্বাহী পরিষদের কার্যক্রম না থাকাকালীন সময়েও এই সম্পদ ব্যবস্থাপনা কমিটি নিয়মিত কার্যক্রম সচল রাখিবেন এবং পরবর্তীতে নিবার্হী পরিষদের নিকট হইতে ঘটনা-উত্তর অনুমোদন গ্রহণ করিবেন।

### ঙ) নির্বাহী পরিষদের সভাপতি ও সাধারণ সম্পাদক পদে পুনঃ নির্বাচনের শর্ত:

নির্বাহী পরিষদের সভাপতি ও সাধারণ সম্পাদক এই উভয় পদের কোন পদেই একাধারে দুই মেয়াদকালের অধিক কেহই নির্বাচনে অংশগ্রহণ করিতে বা নির্বাচিত হইতে পারিবেন না। এক্ষেত্রে পরবর্তীতে পরপর দুইটি মেয়াদকাল অতিবাহিত হওয়ার পর পুনরায় উল্লিখিত পদের যে কোন পদে নির্বাচিত হওয়ার যোগ্যতা অর্জন করিবেন। মেয়াদকাল বলিতে প্রতিটি নির্বাহী পরিষদের পূর্ণ মেয়াদ কিংবা কার্যকালকে বুঝাইবে।

## ৯। নির্বাহী পরিষদের ক্ষমতা ও কার্যাবলি:

**ক)** নির্বাহী পরিষদ সমিতির লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে কর্মপরিকল্পনা তৈরি করিবেন এবং এই কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিচালনার উপর তাঁদের পূর্ণ ক্ষমতা থাকিবে এবং সমিতির গঠনতন্ত্রের ধারা বহির্ভূত নয় এমন সর্ব বিষয়ে তাঁহাদের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

**খ)** নির্বাহী পরিষদ সাহায্য পাওয়ার যোগ্য কোন ব্যক্তির আবেদন বিবেচনা করিয়া ~~ভিত্তিতে~~ আর্থিক সাহায্য বা ফেরতযোগ্য ধার মঞ্জুর করিতে পারিবেন। সমিতির কোনো বিপদগ্রস্থ সদস্য অর্থ ধার গ্রহণ করিতে ~~নিতে~~ চাহিলে নন জুডিশিয়াল স্ট্যাম্পে গ্যারান্টার হিসেবে একজন জীবন সদস্যের প্রত্যয়ন সহ নির্ধারিত সময়ে পরিশোধের শর্তে সর্বোচ্চ ২ (দুই) লক্ষ টাকা ধার গ্রহণ করার ~~নেয়ার~~ জন্য সভাপতি বরাবর আবেদন করিবেন। এই আবেদন নির্বাহী পরিষদের সভায় সংখ্যাগরিষ্ঠ ভোটে অনুমোদিত হইলে অনুমোদনের শর্তাদি পালন সাপেক্ষে উক্ত অর্থ ধার হিসেবে প্রদান করা যাইবে।

**গ)** সমিতির নির্বাহী পরিষদের কোন সদস্য বা জীবন সদস্য যদি সমিতির আদর্শ ও শৃংখলা পরিপন্থি কোন কাজ করেন বা সমিতির সুনাম নষ্ট করেন তবে নিবার্হী পরিষদ সমিতির আর্দশ ও শৃংখলা ভঙ্গের অভিযোগের ভিত্তিতে অভিযুক্তকে সমিতির নির্বাহী পরিষদের পদ / জীবন সদস্য পদ হইতে অপসারণ করিতে পারিবেন। নির্বাহী পরিষদের সভায় তাঁহার বা তাঁহাদের বক্তব্য শুনিবার পর অভিযোগের সত্যতা প্রমানিত হইলে কিংবা সংখ্যাগরিষ্ঠ সদস্যদের ভোটে তাঁহাকে বা তাঁহাদিগকে অপসারণ করিতে পারিবেন। এই ক্ষত্রে নির্বাহী পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

অনুমোদিত
২০/১/২২
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

ইঞ্জিনিয়ার সৈয়দ মনিরুজ্জামান
সাধারণ সম্পাদক
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

ইঞ্জিনিয়ার এস. আর তালুকদার
সভাপতি
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

**ঘ)** নির্বাহী পরিষদের কোন সদস্য উপ-কমিটির/কমিটির/নির্বাহী পরিষদের পর পর ৩ (তিন) টি সভায় সভাপতি বা সাধারণ সম্পাদক বা উপ-কমিটির/কমিটির সদস্য-সচিবকে অবহিত না করিয়া অনুপস্থিত থাকিলে, নির্বাহী পরিষদ ঐ পদ শূণ্য বলিয়া ঘোষণা করিতে পারিবে এবং এইরূপ শূণ্য পদ জীবন সদস্যদের মধ্যে হইতে কো-অপট করিয়া পূরণ করিতে পারিবে।

**ঙ)** প্রতি বৎসর নভেম্বরের মধ্যে নির্বাহী পরিষদ সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের ব্যবস্থা করিবে। তবে, নভেম্বর মাস রমজান মাস হইলে বা অনিবার্য কারণে সমিতির সাধারণ সভা নভেম্বর মাসে অনুষ্ঠানের ব্যবস্থা না করিতে পারিলে, নির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক রমজানের পূর্বে কিংবা ডিসেম্বর মাসের ১৫ তারিখের মধ্যে অনুষ্ঠানের ব্যবস্থা করিতে হইবে।

**চ)** নির্বাহী পরিষদ সমিতির কার্যসমূহ সুষ্ঠরূপে নির্বাহের জন্য বছরের শুরুতে সারা বছরের কর্ম পরিকল্পনা গ্রহণ করিবে এবং বিভাগীয় সম্পাদকদের দাখিলকৃত কর্মপরিকল্পনা ও প্রস্তাবিত প্রাক্কালিত বাজেট সমূহ সভাপতি মহোদয়ের সম্মতিতে সাধারণ সম্পাদক এবং অর্থ সম্পাদক বার্ষিক বাজেট প্রনয়ন করিবেন এবং অনুমোদনের জন্য নির্বাহী পরিষদের সভায় উপস্থাপন করিবেন। প্রয়োজনে পরবর্তীতে বাজেট পুনঃ মূল্যায়ন করা যাইবে।

**ছ)** নির্বাহী পরিষদ প্রতি বছর হিসাব নিরীক্ষক নিযুক্ত করিবে। হিসাব নিরীক্ষক অর্থ সম্পাদক প্রণীত হিসাব পত্র পরীক্ষা করিয়া পরীক্ষিত হিসাব প্রতিবেদন সাধারণ সম্পাদককের মাধ্যমে সভাপতি মহোদয়ের নিকট দাখিল করিবেন। সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সাধারণ সম্পাদক ইহা নির্বাহী পরিষদের সভায় পর্যালোচনা ও পরীক্ষা করিয়া সমিতির বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য পেশ করিবেন।

**জ)** সমিতির অনুশ্রুত কর্ম-পরিকল্পনা বাস্তবায়ণের নিমিত্তে প্রয়োজন বিবেচনায় নির্বাহী পরিষদ বিভিন্ন উপ-কমিটি/কমিটি গঠন করিবে। সকল উপ-কমিটিতে/কমিটিতে নির্বাহী পরিষদের একজন সহ-সভাপতিকে আহব্বায়ক, বিভাগীয় সম্পাদককে সদস্য-সচিব ও নির্বাহী পরিষদের অন্যান্য আর ৭ (সাত) জনকে সদস্য করিবে। প্রতিটি উপ-কমিটিতে/কমিটিতে সমিতির সভাপতি মহোদয়কে এবং সাধারণ সম্পাদকে পদাধিকার বলে সদস্য করিয়া মোট ১১ (এগার) সদস্য বিশিষ্ট উপ-কমিটি/ কমিটি গঠিত হইবে। পরবর্তীতে কাজের সুবিধার্থে নির্বাহী পরিষদের শদস্যগণ হইতে বা জীবন সদস্যগণদের মধ্য হইতে এক বা একাধিক সদস্য কো-অপট করিয়া উপ-কমিটির/কমিটির সদস্য সংখ্যা বৃদ্ধি করা যাইবে।

**ঝ)** নির্বাহী পরিষদ -এর জ্যেষ্ঠ সহ সভাপতি ও সাধারণ সম্পাদক সমিতির কর্মকান্ডের বার্ষিক রিপোর্ট তৈরী করিবেন এবং সভাপতি মহোদয়ের সম্মতিতে নির্বাহী পরিষদের সভায় উপস্থাপন ও আলোচনা করিয়া পূর্ণাঙ্গ রিপোর্ট প্রস্তুত পূর্বক সাধারণ সম্পাদক সমিতির বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করিবেন।

**ঞ)** নির্বাহী পরিষদ ৩ (তিন) বৎসর মেয়াদী কার্যকাল শেষ হইবার পূর্বেই সমিতির সাধারণ নির্বাচন সম্পন্ন করিবে। দৈবিক কোনো পরিস্থিতির কারণে নির্বাহী পরিষদের মেয়াদকাল বর্ধিত হইলে ঐ মেয়াদকাল শেষ হইবার পূর্বেই সাধারণ নির্বাচন সম্পন্ন করিবে। এই ক্ষেত্রে নির্বাহী পরিষদের কার্যকাল শেষ হইবার ৪৫ (পয়তাল্লিশ) দিন পূর্বে নির্বাহী পরিষদ এক জন **"প্রধান নির্বাচন কমিশনার"** ও দুই জন **নির্বাচন কমিশনার সহ** ৩ (তিন) সদস্য বিশিষ্ট **"নির্বাচন কমিশন"** গঠন করিবে। নির্বাহী পরিষদের কোন সদস্য নির্বাচন কমিশনের সদস্য হইতে পারিবেন না। নির্বাহী পরিষদ নির্বাচন কালীন সময়ে দৈনন্দিন কার্যক্রমের আওতায় নির্বাচন কমিশনকে নির্বাচন পরিচালনা এবং নির্বাচন সংক্রান্ত যাবতীয় কাজে নির্বাচন কমিশনের চাহিদা মোতাবেক সহযোগিতা প্রদান করিবে। এই নির্বাচন কমিশনের কোন সদস্যই নির্বাহী পরিষদের নির্বাচনে কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করিতে পারিবেন না।

**ট)** নির্বাহী পরিষদ যথাসময়ে সাধারণ নির্বাচন করিতে ব্যর্থ হইলে, নির্বাহী পরিষদের মেয়াদোত্তর পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে প্রধান পৃষ্ঠপোষক, উপদেষ্টা পরিষদের সন্মানিত সদস্য ও জীবন সদস্যগণের সমন্বয়ে একটি বিশেষ সভা করিবেন। এই সভায় উপস্থিত সদস্যগণের সম্মতিতে প্রধান পৃষ্ঠপোষক ও উপদেষ্টামন্ডলীগণ একটি অন্তর্বর্তীকালীন নির্বাহী পরিষদ গঠন করিবেন এবং গঠিত এই অন্তর্বর্তীকালীন নির্বাহী পরিষদ সম্পর্কে নিবন্ধীকরণ কর্তৃপক্ষকে অবহিত করিবেন। নিবন্ধীকরণ কর্তৃপক্ষের সম্মতির প্রেক্ষিতে এই অন্তর্বর্তীকালীন নির্বাহী পরিষদ দায়িত্বভার গ্রহণ করিয়া নিয়মিতভাবে সমিতির যাবতীয় কার্যাবলী সম্পন্ন করিবেন এবং অবশিষ্ট নিয়মিত সময়কাল শেষ হওয়ার পূর্বেই বর্ণিত নিয়ম পালন করিয়া সাধারণ নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করিবেন এবং নব নির্বাচিত নির্বাহী পরিষদের নিকট দ্বায়িত্ব বুঝাইয়া দিবেন।

অনুমোদিত
২০/৭/২২
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

ইঞ্জিনিয়ার সৈয়দ মনিরুজ্জামান
সাধারণ সম্পাদক
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

ইঞ্জিনিয়ার এস. আর তালুকদার
সভাপতি
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

**১০। সমিতির আয় ব্যয় এবং তহবিল সংরক্ষণের বিবরণ:**

**ক) সমিতির আয় নিম্নোক্ত উৎস হইতে সংগ্রহীত হইবে:**

(১) সমিতির জীবন সদস্য পদের জন্য সদস্য ফি।
(২) সরকারি, বেসরকারি ও ব্যক্তিগত উৎস হইতে প্রাপ্ত অনুদান।
(৩) সমিতির স্থাবর ও অস্থাবর সম্পদ হইতে আয়কৃত অর্থ।
(৪) বিশেষ কাজের জন্য সাময়িক সময়ের জন্য গৃহীত ধার।

**খ) সমিতির তহবিল সংরক্ষণ:**

নির্বাহী পরিষদের সম্মতিক্রমে সমিতির সভাপতি, সাধারন সম্পাদক এবং অর্থ সম্পাদক এই ৩ (তিন) জনের যুক্ত স্বাক্ষরে এক বা একাধিক তফশিলি ব্যাংকে অথবা কোন স্বায়ত্বশাসিত ব্যাংকে একাউন্ট খুলিয়া সমিতির অর্থ জমা রাখিতে হইবে। উক্ত ৩ (তিন) জনের মধ্যে যে কোন ২ (দুই) জনের যৌথস্বাক্ষরে ব্যাংক একাউন্ট হইতে অর্থ উত্তোলন করা যাইবে।

**গ) ব্যয়ের এক্তিয়ার:**

**(১)** সমিতির সভাপতি মহোদয় প্রয়োজন বিবেচনা করিয়া সাধারন সম্পাদক এবং অর্থ সম্পাদকের সহিত আলোচনা করিয়া সমিতির নিয়মিত ব্যয় নির্বাহ করিবেন। অর্থ সম্পাদক যথাসময়ে সাধারন সম্পাদকের সহিত আলোচনা করিয়া সভাপতি মহোদয়ের অনুমদক্রমে আয়-ব্যয় প্রতিবেদন নির্বাহী পরিষদের সভায় উপস্থাপন করিবেন।

**(২)** সভাপতি ও সাধারন সম্পাদক পদাধিকারবলে সাংগঠনিক কর্মকান্ডে আপ্যায়ন বাবদ (নিয়মিত সভা/অনুষ্ঠান ব্যতীত) প্রতি মাসে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করিয়া উভয়ে মোট ১০,০০০/ (দশ হাজার) টাকা খরচ করিতে পারিবেন।

**(৩)** দৈনন্দিন খরচ নির্বাহ করার জন্য সর্বোচ্চ নগদ টাকা ৫০,০০০/ (পঞ্চাশ হাজার) অর্থ সম্পাদকের নিকট রাখা যাইবে।

**(৪)** সমিতির সকল নগদ অর্থ এবং সকল ব্যাংকের চেক বই সভাপতি মহোদয়ের কক্ষে একটি নিরপদ বক্সে/ভোল্টে সংরক্ষিত থাকিবে। এই বক্সে/ভোল্টে -এর চাবি সভাপতি, সাধারণ সম্পাদক এবং অর্থ সম্পাদক এই ৩ (তিন) জনের নিকট থাকিবে। এই বক্স/ভোল্ট খোলার জন্য যে কোন ২ (দুই) জনের চাবি প্রয়োজন হইবে। তবে দৈনন্দিন প্রয়োজনের ইহার ব্যবহার সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে নিয়ন্ত্রিত হইবে -যাহা যথাসময়ে সভাপতি মহোদয় নির্বাহী পরিষদকে অবহিত করিবেন।

**(৫)** সমিতির উন্নয়ন/বিশেষ কোন কাজের জন্য সভাপতি মহোদয় প্রয়োজনে নীতি নির্ধারণী কমিটির সহিত আলোচনা করিয়া কোন জীবন সদস্য/ব্যক্তির নিকট হইতে সাময়িক ধার গ্রহণ করিয়া সাধারণ সম্পাদক -এর মাধ্যমে অথবা কমিটির/উপ-কমিটির ম্যাধমে পরিকল্পিত কাজ সম্পন্ন করিতে পারিবেন। এই সকল কাজ সম্পন্ন হইবার পরে গৃহীত ধার ও সংশ্লিষ্ট ব্যয়ের হিসাব পরবর্তী সময়ে নির্বাহী পরিষদের সভায় সাধারণ সম্পাদক বা কমিটির/উপ-কমিটির প্রতিনিধি অথবা প্রদত্ত তথ্যের আলোকে সভাপতি মহোদয়ের নির্দেশে সাধারণ সম্পাদক উপস্থাপন করিবেন। যথাসময়ে সমিতির তহবিল হইতে উক্ত ধার পরিশোধ করিতে হইবে এবং অর্থ সম্পাদক আয়-ব্যয় প্রতিবেদনে ইহা উপস্থাপন করিবেন।

**(৬)** পূর্বোল্লিখিত সমিতির লক্ষ্য ও উদ্দেশ্য সমূহ বাস্তবায়নের জন্য সভাপতি মহোদয় সমিতির তহবিল হইতে অর্থ ব্যয় করিতে পারিবে, এবং প্রয়োজনে সাময়িক ধার গ্রহণ করিতে পারিবেন।

**(৭)** নির্বাহী পরিষদকে বিশেষ উদ্দেশ্যে সংগৃহীত অর্থ ছাড়া অন্যবিধ আয়ের ১০% (শতকরা দশ ভাগ) আয় সমিতির নামে সমিতির কল্যানার্থে স্থায়ী আমানত হিসেবে জমা রাখিতে হইবে। সমিতির সাধারণ সভায় গৃহীত অনুমোদনের ভিত্তিতে স্থায়ী আমানতের এই অর্থ ব্যয় করা যাইবে।

অনুমোদিত
২০/৭/২২
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

ইঞ্জিনিয়ার সৈয়দ মনিরুজ্জামান
সাধারণ সম্পাদক
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

ইঞ্জিনিয়ার এস. আর তালুকদার
সভাপতি
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

**১১। নির্বাহী পরিষদের সদস্যবর্গের নির্বাচনী যোগ্যতা:**

সমিতির জীবন সদস্যের নাম ভোটার তালিকায় থাকিলে এই গঠনতন্ত্রের অনুচ্ছেদ ৬ (ঙ) ধারা মোতাবেক তাহার বিরুদ্ধে কোন কার্যক্রম চলমান না থাকিলে তিনি নির্বাহী পরিষদের নির্বাচনী প্রার্থীতার পদে যোগ্য বলিয়া বিবেচিত হইবেন এবং নির্বাচনে মনোনয়ন পত্র জমা দিতে পারিবেন। কিন্তু সাধারণ সম্পাদক এবং অর্থ সম্পাদক পদের জন্য ঐ প্রার্থীকে নির্বাচনে অংশ গ্রহনের পূর্বে অন্ততঃ এক সময়কাল সমিতির নির্বাহী পরিষদের যেকোন সদস্য পদে থাকিতে হইবে।

**১২। নির্বাহী পরিষদের সদস্যগণের, সার্বিক কার্যাদী, দ্বায়িত্ব ও ক্ষমতা:**

**ক) সভাপতি:**

**(১)** সভাপতি সমিতির নির্বাহী প্রধান হিসেবে সমিতির সকল কর্মকান্ড পরিচালনা করিবেন। তিনি সমিতির নির্বাহী পরিষদের সকল সভা, বার্ষিক সাধারণ সভা, সমিতির অন্যান্য সকল সভায় সভাপতিত্ব করিবেন। তার অনুপস্থিতিতে জ্যেষ্ঠ সহ সভাপতি এবং জ্যেষ্ঠ সহ-সভাপতির অনুপস্থিতিতে সহ সভাপতিগনের মধ্য হইতে জেষ্ঠতার ভিত্তিতে সভায় সভাপতিত্ব করিবেন।

**(২)** সাধারন সম্পাদককের প্রদত্ত তথ্য পর্যালোচনা পূর্বক সভাপতি সমিতির কার্যপ্রনালী ও আলোচনার এজেন্ডা নির্ধারণ করিবেন। কার্য প্রণালী ও শৃংখলার ব্যাপারে সমিতির সভাপতির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

**(৩)** সমিতির কর্মতৎপরতা ও অগ্রগতি তত্ত্বাবধান পূর্বক তাহা উন্নত করার জন্য সভাপতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন। সমিতির অনুসৃত কর্মপরিকল্পনা বাস্তবায়নে জ্যেষ্ঠ সহ সভাপতি, সহ সভাপতিগন এবং সাধারণ সম্পাদকের সাথে পরামর্শ করিয়া প্রয়োজনীয় কর্মকাণ্ড যথাযথ ভাবে বাস্তবায়নকল্পে উপ-কমিটি সমূহ গঠন করিবেন।

**(৪)** সমিতির স্বার্থে নির্বাহী পরিষদের সভা, অন্যান্য সভা এবং সাধারণ সভা আহ্বান করিবার ক্ষমতা এবং তলবী সভা ব্যতীত যে কোন সভা মূলতবী রাখার ক্ষমতা সভাপতির থাকিবে।

**খ) জ্যেষ্ঠ সহ সভাপতি:**

জ্যেষ্ঠ সহ সভাপতি সার্বিকভাবে সভাপতিকে সহযোগিতা করিবেন। সভাপতি মহোদয়ের অনুপস্থিতে তিনি নিজ পদের দ্বায়িত্ব পালন করিবেন এবং অতিরিক্ত দ্বায়িত্ব হিসেবে সভাপতির দ্বায়িত্ব পালন করিবেন। সভাপতি মহোদয় প্রত্যাগমন করিয়া দ্বায়িত্ব গ্রহণ করিবেন এবং জ্যেষ্ঠ সহ সভাপতি অতিরিক্ত দ্বায়িত্ব হইতে অব্যহতি প্রাপ্ত হইবেন।

**গ) সহ সভাপতি -১:**

সহ সভাপতি -১ সার্বিকভাবে সভাপতি এবং জ্যেষ্ঠ সহ সভাপতিকে সহযোগিতা করিবেন। জ্যেষ্ঠ সহ সভাপতি অনুপস্থিত থাকিলে সহ সভাপতি -১ নিজ পদের দ্বায়িত্ব পালন করিবেন এবং অতিরিক্ত দ্বায়িত্ব হিসেবে জ্যেষ্ঠ সহ সভাপতির দ্বায়িত্ব পালন করিবেন। জ্যেষ্ঠ সহ সভাপতি প্রত্যাগমন করিয়া দ্বায়িত্ব গ্রহণ করিবেন এবং সহ সভাপতি -১ অতিরিক্ত দ্বায়িত্ব হইতে অব্যহতি প্রাপ্ত হইবেন।

**ঘ) সহ সভাপতি -২:**

সহ সভাপতি -২ সার্বিকভাবে জ্যেষ্ঠ সহ সভাপতি এবং সহ সভাপতি -১ কে সহযোগিতা প্রদান করিবেন। সহ সভাপতি -১ অনুপস্থিত থাকিলে সহ সভাপতি -২ নিজ পদের দ্বায়িত্ব পালন করিবেন এবং অতিরিক্ত দ্বায়িত্ব হিসেবে সহ সভাপতি -১ এর দায়িত্ব পালন করিবেন। সহ সভাপতি -১ প্রত্যাগমন করিয়া দ্বায়িত্ব গ্রহণ করিবেন এবং সহ সভাপতি -২ অতিরিক্ত দ্বায়িত্ব হইতে অব্যহতি প্রাপ্ত হইবেন।

**ঙ) সহ-সভাপতি -৩:**

সহ সভাপতি -৩ সার্বিকভাবে সহ সভাপতি -১ এবং সহ সভাপতি -২ কে সহযোগিতা প্রদান করিবেন। সহ সভাপতি -২ অনুপস্থিত থাকিলে সহ সভাপতি -৩ নিজ পদের দ্বায়িত্ব পালন করিবেন এবং অতিরিক্ত দ্বায়িত্ব হিসেবে সহ সভাপতি -২ এর দায়িত্ব পালন করিবেন। সহ সভাপতি -২ প্রত্যাগমন করিয়া দ্বায়িত্ব গ্রহণ করিবেন এবং সহ সভাপতি -৩ অতিরিক্ত দ্বায়িত্ব হইতে অব্যহতি প্রাপ্ত হইবেন।

পরিক্ষীত

অনুমোদিত
20/7/22
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

ইঞ্জিনিয়ার সৈয়দ মনিরুজ্জামান
সাধারণ সম্পাদক
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

ইঞ্জিনিয়ার এস. আর তালুকদার
সভাপতি
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

**চ) সহ-সভাপতি -৪:**

সহ সভাপতি -৪ সার্বিকভাবে সহ সভাপতি -২ এবং সহ সভাপতি -৩ কে সহযোগিতা প্রদান করিবেন। সহ সভাপতি -৩ অনুপস্থিত থাকিলে সহ সভাপতি -৪ নিজ পদের দ্বায়িত্ব পালন করিবেন এবং অতিরিক্ত দ্বায়িত্ব হিসেবে সহ সভাপতি -৩ এর দায়িত্ব পালন করিবেন। সহ সভাপতি -৩ প্রত্যাগমন করিয়া দ্বায়িত্ব গ্রহণ করিবেন এবং সহ সভাপতি -৪ অতিরিক্ত দ্বায়িত্ব হইতে অব্যহতি প্রাপ্ত হইবেন।

**ছ) সাধারণ সম্পাদক:**

**(১)** সাধারণ সম্পাদক নির্বাহী পরিষদের সকল সভা এবং অন্যান্য সভার কার্যবিবরণী (মিনিটস) সমিতির সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পরবর্তী সভায় উপস্থাপন করিয়া চূড়ান্ত করিবেন। সাধারণ সম্পাদক নির্বাহী পরিষদের সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও অন্যান্য কার্যক্রমের বিষয়াদী সম্পর্কে সভাপতি মহোদয়ের সহিত আলোচনা পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন। তিনি সভাপতি মহোদয়ের পরামর্শ মোতাবেক সমিতির পক্ষে মূখ-পাত্র হিসেবে পত্র বিনিময় করিবেন।

**(২)** সমিতির সকল সম্পত্তির দলিল ও দরকারী নথিসমূহ সংরক্ষণের ব্যবস্থা করিবেন।

**(৩)** সমিতির জীবন সদস্য হইবার আবেদন পত্র গ্রহণ, অনুমোদনের প্রক্রিয়াকরণ এবং ও অনুমোদিত জীবন সদস্যবৃন্দের তালিকা সমিতির রেজিষ্ট্রারে ও সমিতির ওয়েবসাইটে সংরক্ষণ করিবেন।

**(৪)** নির্বাহী পরিষদের প্রদত্ত ক্ষমতাবলে সভাপতি মহোদয়ের সহিত পরামর্শক্রমে সমিতি অফিসের জন্য কর্মকর্তা/কর্মচারী এবং অন্যান্য নিয়োগপ্রাপ্ত কর্মচারীর উপর শৃংঙ্খলাজনিত প্রশাসনিক ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

**(৫)** সমিতির সভাপতি মহোদয়ের সহিত পরামর্শ পূর্বক নির্বাহী পরিষদের এবং সমিতির অন্যান্য সকল সভা আহ্বান করিবেন।

**(৬)** সমিতির সভাপতি মহোদয়ের পরামর্শক্রমে/নির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক সমিতির জীবন সদস্য ফি এবং জীবন সদস্য, অন্য সংস্থা/ব্যক্তি হইতে অনুদান সংগ্রহ করিবার ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

**(৭)** সমিতির নির্বাহী পরিষদের কার্যাবলী/কর্মকান্ডের বার্ষিক রিপোর্ট তৈরী করিয়া তাহা সভাপতি মহোদয়ের পরামর্শ ও সম্মতিক্রমে নির্বাহী পরিষদের সভায় মতামতের জন্য উপস্থাপন করিবেন। নির্বাহী পরিষদের সম্মতিক্রমে তিনি বার্ষিক প্রতিবেদন চুড়ান্ত করিবেন এবং চুড়ান্তকৃত প্রতিবেদন সমিতির বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করিবেন।

**জ) যুগ্ম সাধারণ সম্পাদক - ১:**

যুগ্ম সাধারণ সম্পাদক সার্বিকভাবে সাধারণ সম্পাদককে সহযোগিতা করিবেন। সাধারণ সম্পাদক অনুপস্থিত থাকিলে যুগ্ম সাধারণ সম্পাদক নিজ পদের দ্বায়িত্ব পালন করিবেন এবং অতিরিক্ত দ্বায়িত্ব হিসেবে সাধারণ সম্পাদক এর দ্বায়িত্ব পালন করিবেন। সাধারণ সম্পাদক প্রত্যাগমন করিয়া দ্বায়িত্ব গ্রহণ করিবেন এবং যুগ্ম সাধারণ সম্পাদক অতিরিক্ত দ্বায়িত্ব হইতে অব্যহতি প্রাপ্ত হইবেন।

**ঝ) যুগ্ম সাধারণ সম্পাদক - ২:**

সহ সাধারণ সম্পাদক, যুগ্ম সাধারণ সম্পাদককে তাঁহার সকল কাজকর্মে সাহায্য করিবেন এবং যুগ্ম সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে নিজ পদের দায়িত্বের অতিরিক্ত দ্বায়িত্ব হিসেবে যুগ্ম সাধারণ সম্পাদকের দ্বায়িত্ব পালন করিবেন। যুগ্ম সাধারণ সম্পাদক প্রত্যাগমন করিয়া দ্বায়িত্ব গ্রহণ করিবেন এবং সহ সাধারণ সম্পাদক অতিরিক্ত দ্বায়িত্ব হইতে অব্যহতি প্রাপ্ত হইবেন।

**ঞ) অর্থ সম্পাদক:**

**(১)** অর্থ সম্পাদক সমিতির আয়-ব্যয়ের হিসাব সংক্রান্ত সকল বিষয়ে সাধারণ সম্পাদকের সহিত আলোচনা করিয়া এবং উভয়ে সমিতির সভাপতির অনুমোদনক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন। তিনি সমিতির দৈনিক, সাপ্তাহিক এবং মাসিক নিয়মিত আয়-ব্যয় সহ অন্যান্য আয়-ব্যয়ের সকল ভাউচার/রশিদ -এ তথ্যসহ আদায়কারী/ব্যয়কারীর স্বাক্ষর গ্রহণ করিয়া প্রথমে সাধারণ সম্পাদক দ্বারা সিদ্ধ করিয়া সভাপতি মহোদয় কর্তৃক অনুমোদন গ্রহণ করিবেন। তিনি ভাউচারসহ রশিদ বই সংরক্ষণ ও বিতরণ করিবেন। তিনি সমিতির আয়-ব্যয় -এর **"হিসাব রেজিষ্ট্রি"** রক্ষণাবেক্ষণ করিবেন। প্রতিমাসে নির্বাহী পরিষদের সভায় আয়-ব্যয়ের প্রতিবেদন দাখিল করিবেন।

অনুমোদিত
২০.১২.২০১২২
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

**ইঞ্জিনিয়ার সৈয়দ মনিরুজ্জামান**
**সাধারণ সম্পাদক**
**সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা**

**ইঞ্জিনিয়ার এস. আর তালুকদার**
**সভাপতি**
**সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা**

**(২)** তিনি সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদককের সঙ্গে পরামর্শক্রমে বাজেট প্রণয়ণ করিবেন এবং নির্বাহী পরিষদের নিকট অনুমোদনের জন্য পেশ করিয়া অনুমোদন গ্রহণ করিবেন।

**(৩)** অর্থ সম্পাদক সমিতির বাৎসরিক আয়-ব্যয়ের চূড়ান্ত প্রতিবেদন তৈরি করিয়া সভাপতি ও সাধারণ সম্পাদকের সঙ্গে পরামর্শক্রমে প্রথমে নির্বাহী পরিষদের নিকট পেশ করিয়া অনুমোদন মোতাবেক বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করার জন্য সাধারণ সম্পাদকের নিকট হস্তান্তর করিবেন।

**ট) সহ অর্থ সম্পাদক:**

সহ অর্থ সম্পাদক অর্থ সম্পাদককে তাঁহার কাজকর্মে সাহায্য ও সহযোগিতা করিবেন এবং নির্বাহী পরিষদের সম্মতিক্রমে তাঁহার দ্বায়িত্বের অতিরিক্ত দ্বায়িত্ব হিসেবে অর্থ সম্পাদকের অনুপস্থিতিতে অর্থ সম্পাদকের দ্বায়িত্ব অতিরিক্ত দ্বায়িত্ব হিসেবে পালন করিবেন। অর্থ সম্পাদক প্রত্যাগমন করিয়া দ্বায়িত্ব গ্রহণ করিবেন এবং সহ অর্থ সম্পাদক অতিরিক্ত দ্বায়িত্ব হইতে অব্যহতি প্রাপ্ত হইবেন।

**ঠ) সাংগঠনিক সম্পাদক:**

সাংগঠনিক সম্পাদক সমিতির নির্বাহী পরিষদের অনুমোদিত সকল প্রকার সাংগঠনিক কর্মকান্ডের দ্বায়িত্ব পালন করিবেন এবং সকল বিষয়ে সভাপতি মহোদয়ের এবং সাধারণ সম্পাদকের প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করিবেন।

**ড) সহ সাংগঠনিক সম্পাদক:**

সহ সাংগঠনিক সম্পাদক সমিতির সাংগঠনিক সম্পাদককে সকল প্রকার সাংগঠনিক কর্মকান্ড বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করিবেন। সাংগঠনিক সম্পাদক অনুপস্থিত থাকিলে সহ সাংগঠনিক সম্পাদক নিজ পদের দ্বায়িত্ব পালন করিবেন এবং অতিরিক্ত দ্বায়িত্ব হিসেবে সাংগঠনিক সম্পাদক এর দ্বায়িত্ব পালন করিবেন। সাংগঠনিক সম্পাদক প্রত্যাগমন করিয়া দ্বায়িত্ব গ্রহণ করিবেন এবং সহ সাংগঠনিক সম্পাদক অতিরিক্ত দ্বায়িত্ব হইতে অব্যহতি প্রাপ্ত হইবেন।

**ঢ) প্রচার ও প্রকাশনা সম্পাদক:**

প্রচার ও প্রকাশনা সম্পাদক সমিতির সভাপতি মহোদয়, সাধারণ সম্পাদক, সংশ্লিস্ট উপ-কমিটি/কমিটি -এর পরামর্শ এবং দিক-নির্দেশনা মোতাবেক সমিতির গৃহীত কার্যক্রমের তথ্য ও খবরা-খবর প্রচার ও প্রকাশ করিবেন। সমিতির প্রকাশনা কাজের জন্য গঠিত উপ-কমিটি/কমিটি -তে তিনি সদস্য-সচিব হিসেবে দ্বায়িত্ব পালন করিবেন।

**ণ) সহ প্রচার ও প্রকাশনা সম্পাদক:**

সহ প্রচার ও প্রকাশনা সম্পাদক সমিতির প্রচার ও প্রকাশনা সম্পাদককের কাজে সার্বিকভাবে সহযোগিতা প্রদান করিবেন। প্রচার ও প্রকাশনা সম্পাদক অনুপস্থিত থাকিলে সহ প্রচার ও প্রকাশনা সম্পাদক নিজ পদের দ্বায়িত্ব পালন করিবেন এবং অতিরিক্ত দ্বায়িত্ব হিসেবে প্রচার ও প্রকাশনা সম্পাদক -এর দ্বায়িত্ব পালন করিবেন। প্রচার ও প্রকাশনা সম্পাদক প্রত্যাগমন করিয়া দ্বায়িত্ব গ্রহণ করিবেন এবং সহ প্রচার ও প্রকাশনা সম্পাদক অতিরিক্ত দ্বায়িত্ব হইতে অব্যহতি প্রাপ্ত হইবেন।

**ত) দপ্তর সম্পাদক:**

**(১)** দপ্তর সম্পাদক সমিতির সভার কার্যবিবরণী (মিনিটস) লিপিবদ্ধ করিবেন এবং সভাপতি মহোদয় ও সাধারণ সম্পাদকের সহিত আলোচনা করিয়া নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ ভাবে সভার কাযবিবরণী (মিনিটস) তৈরি করিয়া সাধারণ সম্পাদকের নিকট পেশ করিবেন। প্রয়োজনে তিনি সাধারণ সম্পাদকের সহিত একত্রে সমিতির সভাপতি মহোদয়ের সহিত পুনঃআলোচনা করিয়া কাযবিবরণী (মিনিটস) সমাপ্ত করিবেন। সমিতির সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সাধারণ সম্পাদক পরবর্তী সভায় কাযবিবরণী (মিনিটস) উপস্থাপন করিয়া কোন সংশোধন থাকিলে তাহা প্রয়োজনে দপ্তর সম্পাদক সহ চূড়ান্ত করিবেন।

**(২)** দপ্তর সম্পাদক সমিতির সভাপতি মহোদয়ের এবং সাধারণ সম্পাদকের সহিত পরামর্শ ও আলোচনা করিয়া সমিতির প্রশাশনিক দপ্তর সমূহের কাজ তদারকি করিবেন।

পরিক্ষীত

অনুমোদিত 20/7/22

নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

ইঞ্জিনিয়ার সৈয়দ মনিরুজ্জামান
সাধারণ সম্পাদক
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

ইঞ্জিনিয়ার এস. আর তালুকদার
সভাপতি
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

**থ) সহ দপ্তর সম্পাদক:**

সহ দপ্তর সম্পাদক সমিতির দপ্তর সম্পাদককে সার্বিক কাজে সহযোগিতা প্রদান করিবেন। দপ্তর সম্পাদক অনুপস্থিত থাকিলে সহ দপ্তর সম্পাদক নিজ পদের দ্বায়িত্ব পালন করিবেন এবং অতিরিক্ত দ্বায়িত্ব হিসেবে দপ্তর সম্পাদক এর দ্বায়িত্ব পালন করিবেন। দপ্তর সম্পাদক প্রত্যাগমন করিয়া দ্বায়িত্ব গ্রহণ করিবেন এবং সহ দপ্তর সম্পাদক অতিরিক্ত দ্বায়িত্ব হইতে অব্যহতি প্রাপ্ত হইবেন।

**দ) বিষয় ভিত্তিক বিভাগীয় সম্পাদক ও নির্বাহী সদস্যবৃন্দ:**

**(১)** বিভাগীয় সম্পাদকগণ স্ব-স্ব বিভাগীয় পরিকল্পনা/কার্যক্রম বাস্তবায়নের জন্য দ্বায়িত্ব পালনের ক্ষেত্রে সার্বিক ভূমিকা গ্রহণ করিবেন। নিজ নিজ বিভাগীয় কাজের জন্য সংশ্লিষ্ট কমিটি/উপ-কমিটি -এর মাধ্যমে প্রথমে সভাপতি মহোদয়ের নিকট প্রতিবেদন উপস্থাপন করিয়া সম্মতির ভিত্তিতে প্রণীত প্রতিবেদন নির্বাহী পরিষদের সভায় অবহিত/অনুমোদন/পরবর্তী কার্যক্রমের বিষয়ে নির্দেশনার জন্য উপস্থাপন করিবেন।

**(২)** নির্বাহী সদস্যবৃন্দ সমিতির সংস্লিস্ট কাজে সাধারণ সম্পাদক / সভাপতি মহোদয় / গঠিত উপকমিটি-কমিটি -কে সার্বিক সহযোগিতা প্রদান করিবেন। প্রয়োজনে অভিজ্ঞতার আলোকে উপকমিটি/কমিটি -তে অন্তর্ভুক্ত হইয়া সমিতির লক্ষ্য অর্জনে সাহায্য ও সহযোগিতা প্রদান করিবেন।

**ধ) নির্বাহী সদস্য -পদাধিকার বলে:**

নির্বাহী পরিষদের পদ তালিকায় বর্ণিত এই পদ দুইটি সদ্য প্রাক্তন সভাপতি ও সদ্য প্রাক্তন সাধারণ সম্পাদকের জন্য সংরক্ষিত থাকিবে বিধায় ইহা নির্বাহী পরিষদের পদ সমূহ নির্বাচনের অংশ বহির্ভূত থাকিবে। এই পদ দুটি বা এর যে কোন একটি পদ শূন্য হইলেও তা পূরণ করিতে হইবে না।

**১৩। পদত্যাগ:**

নির্বাহী পরিষদের যে কোন সদস্য তাহাঁর সদস্য পদ হইতে পদত্যাগ করিতে চাহিলে তিনি সমিতির সভাপতি বরাবর আবেদন করিবেন। তাহাঁর পদত্যাগ পত্র গৃহীত না হওয়া পর্যন্ত উক্ত পদে তিনি অধিষ্ঠিত থাকিবেন এবং প্রদত্ত দায়িত্ব পালন করিবেন। সভাপতি নিজেই যদি পদত্যাগ করিতে চাহেন তবে তিনি সাধারণ সম্পাদককের মাধ্যমে পদত্যাগপত্র নির্বাহী পরিষদের নিকট পেশ করিবেন এবং নির্বাহী পরিষদ তাহাঁর পদত্যাগ গ্রহণের বিষয়ে সম্মতি না দিলে তিনি সমিতির সভাপতির পদে অধিষ্ঠিত থাকিয়া তাহার দ্বায়িত্ব যথাযথভাবে পালন করিবেন।

**১৪। সমিতির সভা সমূহ পরিচালনার নিয়মাবলী:**

**ক) বার্ষিক সাধারণ সভা:**

**(১)** নির্বাহী পরিষদ কর্তৃক নির্ধারিত স্থানে, তারিখে এবং সময়ে বৎসরে একবার সমিতির "**বার্ষিক সাধারণ সভা**" অনুষ্ঠিত হইবে। নির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক সাধারণ সম্পাদক এই সভার সংবাদ বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকায়, পত্রযোগে, ই-মেইলে ৩ (তিন) সপ্তাহ পূর্বে অবহিত করিবেন। ইহা ছাড়াও জীবন সদস্যগনে প্রদত্ত মুঠোফোন নম্বরে সভার অন্তত পাঁচদিন পূর্বে এসএমএস এর মাধ্যমে অবহিত করিবেন। সমিতির বার্ষিক সাধারণ সভার নোটিশের মধ্যে সভার স্থান, তারিখ, সময় এবং সভার এজেন্ডা উল্লেখ থাকিবে।

**(২)** বার্ষিক সাধারণ সভায় কোন জীবন সদস্য কোন প্রস্তাব উপস্থাপন করিতে চাহিলে তাহা অনুষ্ঠেয় বার্ষিক সাধারণ সভার তারিখের অন্তত ১ (এক) মাস পূর্বে সমিতির সাধারণ সম্পাদককের নিকট জমা দিবেন। এই প্রস্তাব সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে প্রয়োজনে নির্বাহী পরিষদে আলোচনার ভিত্তিতে বার্ষিক সাধারণ সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত হইবে।

অনুমোদিত

২০।২।২২

নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

| | |
|---|---|
| ইঞ্জিনিয়ার সৈয়দ মনিরুজ্জামান<br>সাধারণ সম্পাদক<br>সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা | ইঞ্জিনিয়ার এস. আর তালুকদার<br>সভাপতি<br>সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা |

**খ) বার্ষিক সাধারণ সভার কার্যাবলী:**

**(১)** সমিতির বার্ষিক প্রতিবেদন এবং নিরীক্ষিত আয়-ব্যয়ের হিসাব উপস্থাপন, বিবেচনা ও অনুমোদন।

**(২)** পরবর্তী বৎসরের প্রাক্কালিত বাজেট ও কর্ম-পরিকল্পনা উপস্থাপন, বিবেচনা ও অনুমোদন ।

**(৩)** জীবন সদস্যদের কেহ (নির্বাহী পরিষদের সদস্য ব্যতিত) সভার সভাপতির সম্মতিক্রমে প্রাসঙ্গিক কোন বিষয় উত্থাপন করিলে তাহা বিবেচনা করণ ও সিধান্ত গ্রহণ।

**(৪)** এই সভার কোরাম পূর্ণ হইবে সমিতির মোট জীবন সদস্যের ১/২ (দুই ভাগের এক ভাগ) এর অধিক সংখ্যক জীবন সদস্যের উপস্থিতিতে। গঠনতন্ত্র সংশোধনী সংক্রান্ত সাধারণ সভার কোরাম সমিতির মোট জীবন সদস্যের ২/৩ (দুই তৃতীয়াংশ) সদস্যের উপস্থিতিতে পূর্ণ হইবে। উপরোক্ত উভয় সভার কোরাম নির্ধারিত সময়ের অর্ধ ঘন্টা পরেও পূর্ণ না হইলে, সভার সভাপতি মহোদয় সভা মুলতবী ঘোষণা করিয়া পরবর্তী অর্ধ ঘন্টা পরে উপস্থিত জীবন সদস্য সংখ্যা দ্বারাই সভার কোরাম পূর্ণ হইয়াছে হিসেবে সিদ্ধান্ত দিবেন। যাহা সর্বসম্মতিক্রমে গৃহীত হিসেবে গণ্য হইবে।

**গ) নির্বাহী পরিষদ সভা:**

সাধারণত প্রতি মাসে নির্বাহী পরিষদের একটি সভা অনুষ্ঠিত হইবে। তবে, অন্তত ৩ (তিন) মাসে একটি সভা অনুষ্ঠিত করিতে হইবে। সভাপতির সঙ্গে পরামর্শ করিয়া কমপক্ষে ৭ (সাত ) দিনের নোটিশে সাধারণ সম্পাদক সভার স্থান, তারিখ ও আলোচ্য বিষয় উল্লেখপূর্বক লিখিত নোটিশ জারী করিয়া এই সভা আহবান করিবেন। এই সভার কোরাম ১/২ (দুই ভাগের এক ভাগ) এর অধিক সংখ্যক সদস্যের উপস্থিতিতে পূর্ণ হইবে। তবে, সভার কোরাম নির্ধারিত সময়ের অর্ধ ঘন্টা পরেও পূর্ণ না হইলে, সভার সভাপতি মহোদয় সভা মুলতবী ঘোষণা করিয়া পরবর্তী অর্ধ ঘন্টা পরে উপস্থিত জীবন সদস্য সংখ্যা দ্বারাই সভার কোরাম পূর্ণ হইয়াছে হিসেবে সিদ্ধান্ত দিবেন। যাহা সর্বসম্মতিক্রমে গৃহীত হিসেবে গণ্য হইবে।

**ঘ) জরুরী সভা এবং অতি জরুরী সভা:**

**(১)** সমিতির "**জরুরী সাধারণ সভা**" কমপক্ষে ৭ (সাত) দিনের নোটিশে এবং সমিতির "**অতি জরুরী সাধারণ সভা**" কমপক্ষে ৩ (তিন) দিনের নোটিশে অনুষ্ঠিত হইবে। সভাপতির সঙ্গে পরামর্শ করিয়া সাধারণ সম্পাদক সভা আহবান করিবেন। এই সভার কোরাম ১/২ (দুই ভাগের এক ভাগ) এর অধিক সংখ্যক সদস্যের উপস্থিতিতে পূর্ণ হইবে। তবে, সভার কোরাম নির্ধারিত সময়ের অর্ধ ঘন্টা পরেও পূর্ণ না হইলে, সভার সভাপতি মহোদয় সভা মুলতবী ঘোষণা করিয়া পরবর্তী অর্ধ ঘন্টা পরে উপস্থিত জীবন সদস্য সংখ্যা দ্বারাই সভার কোরাম পূর্ণ হইয়াছে হিসেবে সিদ্ধান্ত দিবেন। যাহা সর্বসম্মতিক্রমে গৃহীত হিসেবে গণ্য হইবে।

**(২)** "**নির্বাহী পরিষদের জরুরী সভা**" কমপক্ষে ৩ (তিন) দিনের নোটিশে এবং "**নির্বাহী পরিষদের অতি জরুরী সভা**" কমপক্ষে ২৪ (চব্বিশ) ঘন্টার নোটিশে অনুষ্ঠিত হইবে। সভাপতির সঙ্গে পরামর্শ করিয়া সাধারণ সম্পাদক এই সভা আহবান করিবেন। ১/২ (দুই ভাগের এক ভাগ) এর অধিক সংখ্যক সদস্যের উপস্থিতিতে পূর্ণ হইবে। তবে, সভার কোরাম নির্ধারিত সময়ের অর্ধ ঘন্টা পরেও পূর্ণ না হইলে, সভার সভাপতি মহোদয় সভা মুলতবী ঘোষণা করিয়া পরবর্তী অর্ধ ঘন্টা পরে উপস্থিত জীবন সদস্য সংখ্যা দ্বারাই সভার কোরাম পূর্ণ হইয়াছে হিসেবে সিদ্ধান্ত দিবেন। যাহা সর্বসম্মতিক্রমে গৃহীত হিসেবে গণ্য হইবে।

**ঙ) তলবী সভা:**

সভাপতি ও সাধারণ সম্পাদক দীর্ঘদিন কোন সভা আহবান না করিলে নির্বাহী পরিষদের ১/২ (দুই ভাগের এক ভাগ) এর অধিক সংখ্যক সদস্যগণ লিখিতভাবে নির্দিষ্ট আলোচ্যসূচীর ভিত্তিতে সভা আহবানের জন্য সভাপতিকে অনুরোধ করিবেন। সভাপতি উক্ত নোটিশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সভা আহবান না করিলে নির্বাহী পরিষদের ২/৩ (দুই তৃতীয়াংশ) সদস্য উক্ত নির্দিষ্ট আলোচ্যসূচীর উপর সভা আহবানের জন্য সাধারণ সম্পাদককে অনুরোধ করিবেন। উক্ত নোটিশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে সাধারণ সম্পাদক সভা আহবান করতে ব্যর্থ হইলে নির্বাহী পরিষদের উক্ত সদস্যবর্গ তলবী সভা আহবান করে সভা অনুষ্ঠানের ব্যবস্থা করিবেন এবং উক্ত তলবী সভায় উপস্থিত সদস্যের ২/৩ (দুই তৃতীয়াংশ) সদস্যের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। তবে, যে কোন তলবী সভায় নোটিশে বর্ণিত আলোচ্যসূচী ছাড়া অন্যান্য কোন বিষয়ে আলোচনা করা যাইবে না।

পরিক্ষীত

অনুমোদিত
২০/৭/২২
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

ইঞ্জিনিয়ার সৈয়দ মনিরুজ্জামান
সাধারণ সম্পাদক
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

ইঞ্জিনিয়ার এস. আর তালুকদার
সভাপতি
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

**চ) সিধান্ত গ্রহণের জন্য কাষ্টিং ভোট:**

সভায় যে কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের প্রস্তাবনায় ভোটাভোটির সময় সভাপতি সহ প্রত্যেক সদস্যই একটি করিয়া ভোট দিতে পারিবেন। তবে কখনও ভোট সমান সমান হইলে সভাপতি সিধান্ত গ্রহণ করার জন্য একটি কাষ্টিং ভোট দিতে পারিবেন।

**১৫। সমিতির সাধারণ নির্বাচন:**

**ক)** নির্বাহী পরিষদের সময়সীমা শেষ হইবার ২ (দুই) মাস পূর্বেই ৩ (তিন) সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করিতে হইবে। নির্বাচন কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত গঠিত এই কমিটি বহাল থাকিবে। নির্বাহী পরিষদ কর্তৃক **"হালনাগাদকৃত জীবন সদস্য তালিকা"** সাধারণ সম্পাদক নির্বাচন কমিশন বরাবরে সরবরাহ করিবেন। নির্বাচন কমিশন এই হালনাগাদকৃত জীবন সদস্য তালিকাটির ভিত্তিতে খসড়া ভোটার তালিকা প্রকাশ করিবেন এবং প্রাপ্ত সংশোধনীর পর (যদি থাকে) **"চূড়ান্ত ভোটার তালিকা"** প্রস্তুত ও প্রকাশ করিবেন। নির্বাচন কমিশন গঠিত হইবার পর হইতে পরবর্তী নতুন নির্বাহী পরিষদ দ্বায়িত্ব নেওয়ার পূর্ব পর্যন্ত বর্তমান নির্বাহী পরিষদ দৈনিন্দন এবং অনুমোদিত সকল চলমান কার্যাদি সম্পন্ন করিবেন। তবে, জরুরী না হইলে নীতি নির্ধারণী মুলক নতুন কোনো কাজ করিবেন না।

**খ)** নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত ফলাফলের বিরুদ্ধে কাহারো কোন আপত্তি থাকলে ফলাফল ঘোষিত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে নিবন্ধীকরণ কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে আপীল করিতে হইবে। নিবন্ধীকরণ কর্তৃপক্ষের সিদ্ধান্ত এ ক্ষেত্রে চূড়ান্ত হিসেবে বিবেচিত হইবে।

**গ)** কার্যনির্বাহী পরিষদের নির্বাচনে প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতার ক্ষেত্রে অত্র গঠনতন্ত্রের **ধারা ৮ -এ** উল্লেখিত ক্রমানুসারে মনোনয়নপত্র ক্রয়, দাখিল এবং নির্বাচন সম্পন্ন হইবে। প্রার্থীদের মনোনয়নপত্র নির্বাচন কমিশনের নিকট হইতে নির্বাহী পরিষদের সভাপতি পদের জন্য ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা, জ্যেষ্ঠ সহ-সভাপতি পদের জন্য ৪,০০০/= (চার হাজার) টাকা, সহ-সভাপতি পদসমূহের প্রত্যেক পদের জন্য ৩,৫০০/= (তিন হাজার পাঁচ শত) টাকা, সাধারণ সম্পাদক পদের জন্য ৩,০০০/= (তিন হাজার) টাকা, যুগ্ম সাধারণ সম্পাদক পদের জন্য ২,৫০০/= (দুই হাজার পাঁচ শত) টাকা ও সকল সম্পাদক পদের জন্য ২,০০০/= (দুই হাজার) টাকা, সকল সহ সম্পাদক পদের জন্য ১,৫০০/= (এক হাজার পাঁচ শত) টাকা এবং নির্বাহী সদস্য পদের জন্য ১,০০০/= (এক হাজার) টাকা নগদে জমা প্রদান করিয়া জমা রশিদ সংগ্রহ করিতে হইবে।

**ঘ)** মনোনয়নপত্র যথাযথ ভাবে পূরণের পর মনোনয়নপত্রের সহিত টাকা জমার রশিদ সংযুক্ত করিয়া নির্বাচন কমিশনের নিকট জমা দিতে হইবে। টাকা জমার রশিদ বিহীন মনোনয়নপত্র বাতিল বলিয়া বিবেচিত হইবে। উল্লেখ থাকে যে, নির্বাহী পরিষদের নির্বাচনের সকল পদের জন্য বর্নিত মনোনয়নপত্রের ফি নির্বাচন কমিশন প্রয়োজনবোধে নীতি নির্ধারণী কমিটির সহিত আলোচনা করিয়া পুনঃনির্ধারন করিতে পারিবেন।

**ঙ)** নির্বাচন কমিশন কর্তৃক খসড়া ভোটার তালিকা প্রকাশ করার পূর্ব পর্যন্ত যাঁহারা জীবন সদস্য পদ গ্রহণ করিবেন তাহাদের নাম ভোটার তালিকাভূক্ত হইবে এবং তাহারা ভোটার হিসেবে গণ্য হইতে পারিবেন। নির্বাচন কমিশন সমিতির জীবন সদস্য তালিকা, নথি নবায়ন সংক্রান্ত তথ্য এবং প্রয়োজনীয় অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনা করিয়া ভোটার তালিকা প্রণয়ন করিবেন ।

**চ)** নির্বাচন কমিশন নির্বাচনের তারিখের ৩০ (ত্রিশ) দিন পূর্বে খসড়া ভোটার তালিকা প্রকাশ করিবেন। খসড়া ভোটার তালিকায় কাহারো আপত্তি থাকিলে তালিকা প্রকাশের ৩ (তিন) দিনের মধ্যে নির্বাচন কমিশন বরাবরে আবেদন করা যাইবে। প্রাপ্ত আবেদন পত্র/আবেদন পত্রসমূহ/ আপত্তি সমূহ ২ (দুই) দিনের মধ্যে নির্বাচন কমিশন মীমাংসা করিবেন।

**ছ)** নির্বাচন অনুষ্ঠানের ২৫ (পচিশ) দিন পূর্বে নির্বাচন কমিশন চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করিবেন। মনোনয়নপত্র বিতরণ, মনোনয়নপত্র জমা দেয়ার তারিখ, মনোনয়নপত্র বাছাই, বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ, মনোনয়নপত্রের উপর আপত্তি গ্রহণ, মনোনয়নপত্রের উপর আপত্তির নিষ্পত্তি করণ, প্রার্থীতা প্রত্যাহার, প্রতীক বরাদ্দ, চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ, নির্বাচনের তারিখ, স্থান ও সময়, ভোট গণনা, ফলাফল প্রকাশ ইত্যাদি যাবতীয় বিষয়ের সময় ও তারিখ নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত হইবে।

**জ)** মনোনয়নপত্র বাতিলের বিরুদ্ধে নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে আপীল করা যাইবে। আবেদন প্রাপ্তির ১ (এক) দিনের মধ্যে নির্বাচন কমিশন ইহা নিষ্পত্তি করিয়া চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করিবেন।

| | | |
|---|---|---|
| ইঞ্জিনিয়ার সৈয়দ মনিরুজ্জামান<br>সাধারণ সম্পাদক<br>সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা | অনুমোদিত<br>নিবন্ধীকরন কর্তৃপক্ষ<br>স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)<br>জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা। | ইঞ্জিনিয়ার এস. আর তালুকদার<br>সভাপতি<br>সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা |

# সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা।

রেজিঃ নং ঢ - ০১৯৩৮/৮৬

সংশোধীত গঠনতন্ত্র -২০২১



**ঝ)** নির্বাচন কমিশন নির্বাচন সংক্রান্ত সকল প্রকার নোটিশ ও নির্বাচনী তফসীল প্রত্যেক জীবন সদস্যের নিকট ডাকযোগে বা জীবন সদস্যগনের প্রদত্ত মুঠোফোন নম্বরে প্রেরণ করিবেন।

**ঞ)** নির্বাচন কমিশন নির্বাচন সংক্রান্ত আনুষাঙ্গিক কার্যক্রম অর্থাৎ মনোনয়নপত্র, ব্যালট পেপার ইত্যাদি প্রস্তুত করিবেন। এ ছাড়া নির্বাচন কমিশন মনোনয়নপত্রের মূল্য, ভোটার তালিকার মূল্য এবং প্রার্থীর জামানত ফিস ইত্যাদি নির্ধারণ করিবেন। নির্বাচন কমিশন নির্বাচনের পূর্বে রিটার্নিং অফিসার, প্রিসাইডিং অফিসার এবং পোলিং অফিসারদের নিয়োগ করিবেন।

**ট)** নির্বাচনের দিন পর্যবেক্ষক হিসাবে নিবন্ধীকরণ কর্তৃপক্ষের প্রতিনিধির উপস্থিতির লক্ষ্যে নিবন্ধীকরণ কর্তৃপক্ষকে অন্তত ৭ (সাত) দিন পূর্বে অবহিত করিতে হইবে।

**ঠ)** ভোট গ্রহণ ও গণনা শেষ হইবার পর নির্বাচনের দিনই নির্বাচন কমিশন নির্বাচনের ফলাফল ঘোষণা করিবেন। নির্বাচনের ফলাফল ঘোষণার এক মাসের মধ্যে নবনির্বাচিত নির্বাহী কমিটির তালিকা নিবন্ধীকরণ কর্তৃপক্ষের সম্মতির জন্য প্রেরণ করিতে হইবে, নিবন্ধীকরণ কর্তৃপক্ষের সম্মতির মাধ্যমে নবনির্বাচিত নির্বাহী কমিটি পূর্ণতা পাইবে।

**ড)** নির্বাচন সংক্রান্ত যে কোনো অভিযোগ ২,০০০.০০ (দুই) হাজার টাকা ফি সহ প্রধান নির্বাচন কমিশনার অথবা নির্বাচন কমিশনের যে কোন সদস্যের নিকট লিখিত আকারে পেশ করা যাইবে। নির্ধারিত ফি জমা ব্যতিরেকে কোন আপত্তি/অভিযোগ গ্রহণ/বিবেচিত হইবে না।

**ঢ)** যথাযথ প্রক্রিয়ায় নির্বাচন সংক্রান্ত প্রাপ্ত অভিযোগ নির্বাচন কমিশন তিন কর্ম দিবসের মধ্যে নিষ্পত্তি করিবেন। নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত রায়ে অভিযোগকারী সন্তুষ্ট না হইলে এ বিষয়ে নিবন্ধন কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে পারিবেন। নিবন্ধীকরণ কর্তৃপক্ষের সিদ্ধান্ত এ ক্ষেত্রে চূড়ান্ত হিসেবে বিবেচিত হইবে।

**ণ)** যদি নির্বাচন বাতিল বলিয়া ঘোষিত হয় তবে সমিতির গঠনতন্ত্রের ধারা ৯ এর অনুচ্ছেদ **(ট)** / নিবন্ধন আইন অনুসারে গৃহিত ব্যবস্থা অনুস্মরণিত হইবে।

**ত)** তফশিল ঘোষিত হওয়ার পর দৈব-দুর্বিপাক বা অন্য কোন অনিবার্য কারণে নির্ধারিত তারিখে নির্বাচন অনুষ্ঠান সম্ভব না হইলে নির্বাচন কমিশন পরবর্তী ১ (এক) মাসের মধ্যে নিবন্ধীকরণ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে পারিবেন।

### ১৬। সমিতি -এর প্রযোজ্য নিয়মাবলি এবং উপবিধি সমূহ:

সমিতি সুষ্ঠ ও সুচারুভাবে পরিচালনার জন্য উপবিধি প্রণয়ন করিবার প্রয়োজনে নীতি নির্ধারনী কমিটি উপ-বিধি প্রণয়ন করিবেন। প্রণিত উপ-বিধি সমিতির গঠনতন্ত্রের কোনো ধারা বা বিধি পরিপন্থী হইলে তাহা বাতিল বলিয়া গণ্য হইবে। কোন উপবিধি প্রণয়ন না হইলে নির্বাহী পরিষদের সিদ্ধান্তই কার্যকরি থাকিবে।

### ১৭। সদস্যপদ শূণ্য হইলে স্থলাভিষিক্তকরণ:

নির্বাহী পরিষদের কোন পদ শূণ্য হইলে (পদাধিকার বলে উল্লিখিত দুই টি নির্বাহী সদস্য পদ ব্যতীত) জীবন সদস্য/সদস্যগণকে স্থলাভিষিক্তকরণ করে উক্ত শূণ্য পদ/পদসমূহ পূরণ করা যাইবে। নির্বাহী পরিষদের সভায় সংখ্যাগরিষ্ঠ সদস্যের সম্মতিতে ইহা অনুমোদিত হইতে হইবে। নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক চুড়ান্ত অনুমোদনের পর তা কার্যকর হইবে।

### ১৮। নির্বাহী পরিষদের ক্ষমতা হস্তান্তর:

বিদায়ী নির্বাহী পরিষদ মেয়াদ যে দিন শেষ হইবে সেদিন নির্বাহী পরিষদের সভা আহবান করিয়া নির্বাচিত নূতন নির্বাহী পরিষদের নিকট দ্বায়িত্ব হস্তান্তর করিবেন। যদি প্রাক্তন সভাপতি, সাধারণ সম্পাদক ও নির্বাহী পরিষদ ক্ষমতা হস্তান্তর না করেন তাহা হইলে নবনির্বাচিত সভাপতি, সাধারণ সম্পাদক ও নির্বাহী পরিষদ স্বয়ংক্রিয়ভাবে ক্ষমতা লাভ করিবেন।

### ১৯। প্রকল্প পরিচালনার নিয়মাবলী:

সমিতির নামে যে কোন প্রকল্প গ্রহন করা হইলে নিবন্ধন কর্তৃপক্ষকে ১ (এক) মাসের মধ্যে প্রকল্পের বিস্তারিত বিবরণী সহ অবহিত করণ পত্র প্রদান করিতে হইবে।

পরিক্ষীত

অনুমোদিত
২০/৭/২২
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা

ইঞ্জিনিয়ার সৈয়দ মনিরুজ্জামান
সাধারণ সম্পাদক
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

ইঞ্জিনিয়ার এস. আর তালুকদার
সভাপতি
সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা

# সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা।

**রেজিঃ নং ঢ - ০১৯৩৮/৮৬**

**সংশোধীত গঠনতন্ত্র -২০২১**



**২০। বার্ষিক প্রতিবেদন:**

সমিতির কার্যক্রমের বার্ষিক প্রতিবেদন নিবন্ধন কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।

**২১। আয়-ব্যয় নিরীক্ষা পদ্ধতি:**

সমিতির আয়-ব্যয়ের হিসাব প্রতি আর্থিক বছরের শেষে প্রস্তুত করিতে হইবে এবং নিবন্ধীকরণ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কোন সনদপ্রাপ্ত হিসাব পরীক্ষক বা হিসাব নিরীক্ষক কিংবা সরকার অনুমোদিত চাটার্ড একাউন্টস ফার্ম কিংবা নিবন্ধীকরণ কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগকৃত কর্মকর্তার মাধ্যমে নিরীক্ষা করিতে হইবে। নিরীক্ষীত হিসাব অবহিত করণের জন্য নিবন্ধনকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

**২২। কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ:**

সমিতির কাজের জন্য কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করা হইলে নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারীর তথ্যাদি নিবন্ধনকারী কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।

**২৩। কর্মকর্তা ও কর্মচারী পরিচালনা:**

নির্বাহী পরিষদ কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ এবং পরিচালনা করার জন্য বিধিমালা প্রণয়ন করার অধিকারী থাকিবে। নির্বাহী পরিষদ প্রয়োজনবোধে সমিতি দপ্তরের কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অফিস কর্মকর্তা, কর্মচারী, ডরমেটীর পরিছন্নতা কর্মী দৈনিক, মাসিক, বাৎসরিক ভিত্তিতে সম্মানী ভাতা অথবা পারিশ্রমিক প্রদানের ভিত্তিতে নিয়োজন করিতে পারিবেন।

**২৪। আইন ও বিধির প্রাধান্য:**

**ক)** সমিতির কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে মতপার্থক্য হইলে বা গঠনতন্ত্রে পরিবর্তনের প্রয়োজনে সাধারণ সভা/বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত না হওয়া পর্যন্ত নির্বাহী পরিষদের সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে কার্যক্রম পরিচালনা অব্যহত থাকিবে।

**খ)** এই গঠনতন্ত্রে যাহাই উল্লেখ থাকুক না কেন, সমিতি ১৯৬১ সনের স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা সমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রন) অধ্যাদেশ ও বিধি ১৯৬২ এর আওতায় প্রচলিত আইন অনুযায়ী সকল কার্যক্রম পরিচালিত হইবে।

পরিক্ষীত

**সমাপ্ত**

অনুমোদিত
২০/৭/২২
নিবন্ধীকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

৪/৭/২০২২
**ইঞ্জিনিয়ার সৈয়দ মনিরুজ্জামান**
**সাধারণ সম্পাদক**
**সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা**

৪-৭-২২
**ইঞ্জিনিয়ার এস. আর তালুকদার**
**সভাপতি**
**সিরাজগঞ্জ জেলা সমিতি, ঢাকা**